AXIS BANK

# সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলি

এখানে যে সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলি ও তথ্য উল্লেখ করা হয়েছে, সেগুলি এই মুহূর্ত থেকেই সমস্ত ক্রেডিট কার্ড ধারক/ক্রেডিট কার্ডের আবেদক/ব্যাঙ্কটির গ্রাহক/ক্রেডিট কার্ড নিয়ে আগ্রহ প্রকাশ করা সর্বসাধারণ লোকেদের ক্ষেত্রে প্রযোজ্য। MITC পরিবর্তন সাপেক্ষ। ব্যাঙ্কের কার্ড ধারক চুক্তির নিয়ম ও শর্তাবলির সঙ্গে উক্ত MITC যুক্ত এবং এটিকে সেই নিয়ম ও শর্তাবলির সঙ্গেই পড়তে হবে।

## ক) মাসুল তালিকা

### 1. যোগদান, বার্ষিক ও অ্যাড-অন কার্ড ফি

| ক্রেডিট কার্ডের প্রকার | যোগদান ফি (টাকা) (কার্ড সক্রিয় হওয়ার পর আরোপ করা হবে)* | দ্বিতীয় বছর থেকে বার্ষিক ফি (টাকা)* | অ্যাড-অন কার্ড |
|---|---|---|---|
| *অ্যাক্সিস ব্যাঙ্ক ইনফিনিট* ক্রেডিট কার্ড | শূন্য | শূন্য | শূন্য |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক বাজ* ক্রেডিট কার্ড | 750 | 750 | শূন্য |
| *ইন্ডিয়ান অয়েল অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড | 500 | 500 | শূন্য |
| *ফ্লিপকার্ট অ্যাক্সিস ব্যাঙ্ক সুপার এলিট* ক্রেডিট কার্ড | 500 | 500 | শূন্য |
| *ফ্লিপকার্ট অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড | 500 | 500 | শূন্য |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্রিচার্জ* ক্রেডিট কার্ড | 250 | 250 | শূন্য |

| | | | |
|---|---|---|---|
| *এয়ারটেল অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড | 500 | 500 (পূর্ববর্তী বছরে যে 2,00,000 টাকা খরচ করা হয়েছে তার ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| *স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক সিগনেচার* ক্রেডিট কার্ড | 500 | 500 (পূর্ববর্তী বছরে যে 2,00,000 টাকা খরচ করা হয়েছে তার ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক *ইনফিনিট* ক্রেডিট কার্ড | 5000 | 5000 (পূর্ববর্তী বছরে যে 7,00,000 টাকা খরচ করা হয়েছে তার ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্রিচার্জ প্লাস* ক্রেডিট কার্ড | 350 | 350 (পূর্ববর্তী বছরে যে 50000 টাকা খরচ করা হয়েছে তার ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| *এস* ক্রেডিট কার্ড | 499 (কার্ড সেট-আপের 45 দিনের মধ্যে যে 10000 টাকা খরচ করা হয়েছে তার ভিত্তিতে মকুব করা হয়েছে) | 499 (পূর্ববর্তী বছরে যে 2,00,000 টাকা খরচ করা হয়েছে তার ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| *স্পাইস জেট অ্যাক্সিস ব্যাঙ্ক ভয়েজ* ক্রেডিট কার্ড | 750 | 750 | শূন্য |
| *স্পাইস জেট অ্যাক্সিস ব্যাঙ্ক ভয়েজ ব্ল্যাক* ক্রেডিট কার্ড | 2,000 | 2,000 | শূন্য |
| সিলেক্ট ক্রেডিট কার্ড | 3,000 (বারগান্ডি অ্যাকাউন্ট | 3,000 (বারগান্ডি অ্যাকাউন্ট | শূন্য |

| | | | |
|---|---|---|---|
| | ধারকদের জন্য শূন্য) | ধারকদের জন্য শূন্য) | |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক অ্যাটলাস ভয়েজ* ক্রেডিট কার্ড | 5,000 | 5,000 | শূন্য |
| *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ড | 50,000 (বারগান্ডি প্রাইভেট অ্যাকাউন্ট ধারকদের জন্য শূন্য) | 50,000 (বারগান্ডি প্রাইভেট অ্যাকাউন্ট ধারকদের জন্য শূন্য) | শূন্য |
| *রিজার্ভ* ক্রেডিট কার্ড | 50,000 | 50,000 (পূর্ববর্তী বছরে ভারতীয় মুদ্রায় 35,00,000 খরচ হওয়ার যোগ্যতার* ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| *ম্যাগনাস* ক্রেডিট কার্ড | 12,500 | 12,500 (পূর্ববর্তী বছরে ভারতীয় মুদ্রায় 25,00,000 খরচ হওয়ার যোগ্যতার* ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য |
| *ম্যাগনাস ফর বারগান্ডি* ক্রেডিট কার্ড # | 30,000# | 30,000# (পূর্ববর্তী বছরে ভারতীয় মুদ্রায় 30,00,000 খরচ হওয়ার যোগ্যতার* ভিত্তিতে মকুব করা হয়েছে) | শূন্য# |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা ইনফিনিট* ক্রেডিট কার্ড | 10,000 | 10,000 | শূন্য |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা সিগনেচার* ক্রেডিট কার্ড | 3,000 | 3,000 | শূন্য |
| *অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা* ক্রেডিট কার্ড | 1,500 | 1,500 | শূন্য |

| | | | |
|---|---|---|---|
| *প্রিভিলেজ* ক্রেডিট কার্ড | 1,500 | 1,500 | শূন্য |
| *মাইল্স অ্যান্ড মোর* অ্যাক্সিস ব্যাঙ্ক ওয়ার্ল্ড সিলেক্ট ক্রেডিট কার্ড | 10,000 | 4,500 | শূন্য |
| *মাইল্স অ্যান্ড মোর* অ্যাক্সিস ব্যাঙ্ক ওয়ার্ল্ড ক্রেডিট কার্ড | 3,500 | 3,500 | শূন্য |
| *নিও* ক্রেডিট কার্ড | 250 | 250 | শূন্য |
| *অওরা* ক্রেডিট কার্ড | 749 | 749 | শূন্য |
| *এলআইসি* ক্রেডিট কার্ড | শূন্য | শূন্য | শূন্য |
| *ভ্রমণের সুবিধা যুক্ত* সিগনেচার ক্রেডিট কার্ড | 1,500 | 1,000 (পূর্ববর্তী বছরে 2.4 লক্ষ টাকার ব্যয়-সীমায় পৌঁছনোর জন্য মকুব করা হয়েছে) | শূন্য |
| *মাই উইংস* ক্রেডিট কার্ড | 1,200 | 500 | শূন্য |
| *মাই চয়েস* ক্রেডিট কার্ড | 250 (একটি ইমেজ কার্ডের জন্য অতিরিক্ত 150 টাকা ফি) | 250 | শূন্য |
| *মাই জোন* ক্রেডিট কার্ড | 500 | 500 | শূন্য |
| *প্ল্যাটিনাম* ক্রেডিট কার্ড | 500 (কার্ড সেট-আপের 45 দিনের মধ্যে 5,000 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | 200 (পূর্ববর্তী বছরে 1,00,000 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | শূন্য |

| | | | |
|---|---|---|---|
| *টাইটেনিয়াম* ক্রেডিট কার্ড | 250 (কার্ড সেট-আপের 45 দিনের মধ্যে 2,500 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | 100 (পূর্ববর্তী বছরে 50,000 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | শূন্য |
| *প্রাইড প্ল্যাটিনাম* ক্রেডিট কার্ড | শূন্য | 250 (পূর্ববর্তী বছরে 20,000 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | শূন্য |
| *প্রাইড সিগনেচার* ক্রেডিট কার্ড | শূন্য | 500 (পূর্ববর্তী বছরে 40,000 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | শূন্য |
| *রিওয়ার্ডস* ক্রেডিট কার্ড | 1000 | 1000 (পূর্ববর্তী বছরে 2,00,000 টাকা খরচ করা হয়েছে বলে মকুব করা হয়েছে) | শূন্য |
| *কুইক* ক্রেডিট কার্ড | শূন্য | শূন্য | শূন্য |
| *ফাইব* অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড | শূন্য | শূন্য | শূন্য |

দ্রষ্টব্য- রেন্ট লেনদেন (এমসিসি 6513) ও ওয়ালেট লোড লেনদেন (এমসিসি 6540)-এর জন্য হওয়া ব্যয়কে বার্ষিক মাসুল মকুবের সুবিধা গ্রহণ করার ক্ষেত্রে যোগ্য বলে বিবেচনা করা হবে না।

*রিজার্ভ অ্যান্ড ম্যাগনাস ক্রেডিট কার্ডের ক্ষেত্রে, রেন্ট লেনদেন (এমসিসি 6513), ওয়ালেট লোড লেনদেন (এমসিসি 6540), ইউটিলিটি লেনদেন (এমসিসি 4814, 4816, 4899, 4900), সরকারি প্রতিষ্ঠান লেনদেন (এমসিসি 9222, 9311, 9399, 9402), ইএমআই-তে রূপান্তর, নগদ টাকা তোলা,

রিভার্সাল ও ফি ও মাসুলকে বার্ষিক ফি মকুবের সীমা গণনা করার সময় যোগ্য বলে বিবেচনা করা হবে না।
#যেসব বারগান্ডি গ্রাহক আবশ্যিক স্বতন্ত্র বারগান্ডি সম্পর্ক বজায় রেখে চলছেন কেবল তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য। বিশদ জানতে https://www.axisbank.com/Magnus. দেখুন। বারগান্ডির বদলে ম্যাগনাস ক্রেডিট কার্ডের জন্য আবেদন জানানো মানে আপনি এই সম্মতিও দিচ্ছেন যে, গ্রাহক হিসাবে আপনি যদি বারগান্ডি 'টোটাল রিলেশনশিপ ভ্যালু' সংক্রান্ত আবশ্যিক নির্ণায়ক বজায় না-রেখে চলেন, তাহলে বারগান্ডির বদলে ম্যাগনাস ক্রেডিট কার্ডের আবেদন জানিয়ে নতুন ম্যাগনাস ক্রেডিট কার্ড নেওয়া সংক্রান্ত ব্যাঙ্কের নীতি মেনে চলবেন। নতুন ম্যাগনাস ক্রেডিট কার্ডের জন্যও যোগদান ও বার্ষিক ফি বাবদ 12,500 টাকা খরচ করতে হবে।++

**2. অর্থ/সুদের মাসুল (12 জুন 2021 থেকে কার্যকর)**

| বিভিন্ন প্রকারের অ্যাক্সিস ব্যাঙ্ক কার্ড | প্রলম্বিত ক্রেডিটে পরিশোধ সময়াতীত সুদ | | অগ্রিম নগদে সুদ | |
|---|---|---|---|---|
| | মাসিক হার | বার্ষিক হার | প্রতি মাসে | প্রতি বছর |
| *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ড | প্রতি মাসে 1.5% | প্রতি বছর 19.56% | প্রতি মাসে 1.5% | প্রতি বছর 19.56% |
| *প্রাইড প্ল্যাটিনাম* ক্রেডিট কার্ড, *প্রাইড সিগনেচার* ক্রেডিট কার্ড | প্রতি মাসে 2.95% | প্রতি বছর 41.75% | প্রতি মাসে 2.95% | প্রতি বছর 41.75% |
| *প্রিভিলেজ* ক্রেডিট কার্ড / *সিলেক্ট* ক্রেডিট কার্ড /*অ্যাক্সিস ব্যাঙ্ক অ্যাটলাস* ক্রেডিট কার্ড /*মাইল্স অ্যান্ড মোর অ্যাক্সিস ব্যাঙ্ক ওয়ার্ল্ড সিলেক্ট* ক্রেডিট কার্ড / *মাইল্স অ্যান্ড মোর অ্যাক্সিস ব্যাঙ্ক ওয়ার্ল্ড* ক্রেডিট কার্ড / *মাই জোনডিট কার্ড / মাই চয়েস* ক্রেডিট কার্ড /*মাই উইংস* | প্রতি মাসে 3.6% | প্রতি বছর 52.86% | প্রতি মাসে 3.6% | প্রতি বছর 52.86% |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্রেডিট কার্ড / *অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা সিগনেচার* ক্রেডিট কার্ড / *অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা* ক্রেডিট কার্ড / *প্ল্যাটিনাম* ক্রেডিট কার্ড / *টাইটেনিয়াম* ক্রেডিট কার্ড / *নিও* ক্রেডিট কার্ড / *অ্যাক্সিস ব্যাঙ্ক বাজ* ক্রেডিট কার্ড /*ভিসা গোল্ড* ক্রেডিট কার্ড /*ভিসা সিলভার* ক্রেডিট কার্ড / *ইন্ডিয়ান অয়েল অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড / *অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা ইনফিনিট* ক্রেডিট কার্ড / *অওরা ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড / *এলআইসি* ক্রেডিট কার্ড / *রিওয়ার্ড* ক্রেডিট কার্ড / *কুইক* ক্রেডিট কার্ড | | | | |
| *রিজার্ভ* ক্রেডিট কার্ড / *ম্যাগনাস* ক্রেডিট কার্ড / *ম্যাগনাস ফর বারগান্ডি* ক্রেডিট কার্ড | প্রতি মাসে 3.0% | প্রতি বছর 42.58% | প্রতি মাসে 3.0% | প্রতি বছর 42.58% |
| *ফ্লিপকার্ট অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড /*ফ্লিপকার্ট অ্যাক্সিস ব্যাঙ্ক সুপার এলিট* ক্রেডিট কার্ড *অ্যাক্সিস অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্রিচার্জ* ক্রেডিট কার্ড / *অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্রিচার্জ প্লাস ক্রেডিট কার্ড / এস* ক্রেডিট কার্ড / *এয়ারটেল অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড /*স্পাইসজেট অ্যাক্সিস ব্যাঙ্ক ভয়েজ* ক্রেডিট কার্ড / *স্পাইসজেট অ্যাক্সিস ব্যাঙ্ক ভয়েজ ব্ল্যাক* ক্রেডিট কার্ড / *স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক* | প্রতি মাসে 3.6% | প্রতি বছর 52.86% | প্রতি মাসে 3.6% | প্রতি বছর 52.86% |

| | | | | |
|---|---|---|---|---|
| *সিগনেচার* ক্রেডিট কার্ড / *স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক ইনফিনিট* ক্রেডিট কার্ড / *ফাইব অ্যাক্সিস ব্যাঙ্ক* ক্রেডিট কার্ড | | | | |
| *সিকিওর্ড গোল্ড* ক্রেডিট কার্ড / *সিকিওর্ড সিলভার* ক্রেডিট কার্ড / *প্ল্যাটিনাম সিকিওর্ড* ক্রেডিট কার্ড / *ইনস্টা ইজি* ক্রেডিট কার্ড / *মাই জোন ইজি* ক্রেডিট কার্ড / *প্রিভিলেজ ইজি* ক্রেডিট কার্ড / *অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্লিপকার্ট সিকিওর্ড* ক্রেডিট কার্ড / *ইন্ডিয়ান অয়েল অ্যাক্সিস ব্যাঙ্ক ইজি* ক্রেডিট কার্ড | প্রতি মাসে 3.4% | প্রতি বছর 49.36% | প্রতি মাসে 3.4% | প্রতি বছর 49.36% |

**অর্থ / সুদের মাসুলের বিবরণ:**

1) সুদ কেটে নেওয়া হবে;
- মোট বকেয়া অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে সেই অর্থ পরিশোধ করা না-হলে, তত দিন পর্যন্ত ওই মোট বকেয়া অর্থের উপর এবং নতুন লেনদেনের উপর (লেনদেনের তারিখ থেকে) সুদ চাপানো হতে থাকবে, যত দিন না-পর্যন্ত পূর্বের অনাদায়ী অর্থগুলি সম্পূর্ণ পরিশোধ করা হয়।
- যে-তারিখে অগ্রিম নগদ তোলা হবে সেই দিন থেকে শুরু করে তা পরিশোধ হওয়ার তারিখ পর্যন্ত সেই অগ্রিম নগদের উপর।
- বকেয়া অর্থ পরিশোধের শেষ তারিখের পরেও যদি ন্যূনতম বকেয়া অর্থ পরিশোধ করা হয়, তাহলে সেই অর্থ পরিশোধে বিলম্ব বাবদ ফি/সুদ চাপানো হবে।
- অন্য ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট থেকে ব্যালেন্স ট্রান্সফার করা হলে, যে-পরিমাণ অর্থ ট্রান্সফার করা হয়েছে তার উপর এবং আপনার কার্ড অ্যাকাউন্টের যে-কোনও অনাদায়ী ক্রয় রাশিতে অর্থ মাসুল

যোগ করা হবে সেই তারিখ থেকেই, যে-তারিখে ব্যাঙ্কারের চেক/এনইএফটি করা হবে।

কার্ড অ্যাকাউন্ট বন্ধ করা হলেও, কার্ডে যে-পরিমাণ অর্থ অনাদায়ী থাকবে, তা পুরোপুরি পরিশোধ না-হওয়া পর্যন্ত, উল্লিখিত ক্ষেত্রগুলিতে চাপানো অর্থ মাসুল পরিশোধ করে যেতে হবে।

## 2) অন্যান্য ফি ও মাসুল

| | |
|---|---|
| নগদ তোলা বাবদ ফি** | নগদ অর্থের 2.5% (ন্যূনতম 500 টাকা); *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ড, *রিজার্ভ* ক্রেডিট কার্ড, *ম্যাগনাস* ক্রেডিট কার্ড ও *ম্যাগনাস ফর বারগান্ডি* ক্রেডিট কার্ডের ক্ষেত্রে মকুব করা হয়েছে |
| শাখাগুলিতে নগদ পরিশোধ বাবদ ফি (নগদ পরিশোধের দৈনিক সীমা 50,000 টাকা) | 100 টাকা; *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ড ও *ইনস্টা ইজি* ক্রেডিট কার্ডের ক্ষেত্রে মকুব করা হয়েছে |
| ডুপ্লিকেট স্টেটমেন্ট বাবদ ফি | মকুব করা হয়েছে |
| *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ডের ক্ষেত্রে অর্থ পরিশোধে বিলম্ব বাবদ ফি | মকুব করা হয়েছে |
| অন্যান্য সমস্ত ক্রেডিট কার্ডের ক্ষেত্রে অর্থ পরিশোধে বিলম্ব বাবদ ফি | মোট 500 টাকা পর্যন্ত বকেয়া পরিশোধ করতে হলে শূন্য |
| | বকেয়া পরিশোধের মাত্রা যদি 501 টাকা থেকে 5,000 টাকার মধ্যে হয়ে থাকে, তাহলে 500 টাকা |
| | বকেয়া পরিশোধের মাত্রা যদি 5,001 টাকা থেকে 10,000 টাকার মধ্যে হয়ে থাকে, তাহলে 750 টাকা |
| | বকেয়া পরিশোধের মাত্রা যদি 10,000 টাকার থেকে বেশি হয়ে থাকে, তাহলে 1,200 টাকা |
| অন্যান্য অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের ক্ষেত্রে ওভার-লিমিট পেনাল্টি*** | *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ডের ক্ষেত্রে ওভার-লিমিট অ্যামাউন্টের 2.5% (ন্যূনতম 500 টাকা) মকুব করা হয়েছে |

| | |
|---|---|
| চার্জ স্লিপ রিট্রিভাল ফি বা প্রতিলিপির জন্য আবেদন বাবদ ফি | মকুব করা হয়েছে |
| আউটস্টেশন চেক বাবদ ফি | মকুব করা হয়েছে |
| চেক ফেরত আসা বা চেক নামঞ্জুর হওয়া বাবদ ফি বা অটো ডেবিট রিভার্সাল (ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা নেই) | ন্যূনতম 450 টাকা থেকে শুরু করে 1,500 টাকা পর্যন্ত সাপেক্ষে পেমেন্ট অ্যামাউন্টের 2% মকুব করা হয়েছে বারগান্ডি প্রাইভেট ক্রেডিট কার্ডের ক্ষেত্রে |
| ট্রেনের টিকিট কেনা বা বাতিল করা বাবদ সারচার্জ | আইআরসিটিসি/ভারতীয় রেলের দ্বারা নির্ধারণ করে দেওয়া অনুযায়ী |
| জ্বালানির জন্য লেনদেন বাবদ সারচার্জ | প্রত্যেক স্টেটমেন্ট সাইকেলে 400 টাকা পর্যন্ত সর্বাধিক সুবিধা; ACE ক্রেডিট কার্ডের ক্ষেত্রে 500 টাকা পর্যন্ত; স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক সিগনেচার ক্রেডিট কার্ড ও এয়ারটেল অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড; শুধুমাত্র প্রাইড প্ল্যাটিনাম ক্রেডিট কার্ড ও অ্যাক্সিস অওরা ক্রেডিট কার্ডের ক্ষেত্রে 250 টাকা পর্যন্ত।<br>মাই চয়েস ক্রেডিট কার্ড, নিও ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক বাজ ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা ক্রেডিট কার্ড ও অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারা সিগনেচার ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্রিচার্জ ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক ফ্রিচার্জ প্লাস ক্রেডিট কার্ডের ক্ষেত্রে রিফান্ড প্রযোজ্য নয়); লেনদেন হওয়া অর্থের 1% (ফেরত দেওয়া হয়েছে জ্বালানির জন্য 400 টাকা থেকে 5,000 টাকার মধ্যে হওয়া লেনদেনের ক্ষেত্রে। স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক ইনফিনিট ক্রেডিট কার্ডের ক্ষেত্রে প্রত্যেক স্টেটমেন্ট সাইকেলে 500 টাকা পর্যন্ত সর্বাধিক সুবিধা); লেনদেন হওয়া অর্থের 1% (ফেরত দেওয়া হয়েছে জ্বালানির জন্য 400 টাকা থেকে 5,000 টাকার মধ্যে হওয়া লেনদেনের ক্ষেত্রে। রিওয়ার্ড ক্রেডিট কার্ডের ক্ষেত্রে প্রত্যেক |

| | |
|---|---|
| | স্টেটমেন্ট সাইকেলে 400 টাকা পর্যন্ত সর্বাধিক সুবিধা)<br><br>**অনুগ্রহ করে মনে রাখবেন-**<br>• জ্বালানির জন্য লেনদেনের ক্ষেত্রে, কার্ড জারি করা ব্যাঙ্কের পক্ষ থেকে জ্বালানি সারচার্জ চাপানো হয় না<br>• জ্বালানির জন্য নির্দিষ্ট কিছু লেনদেনের ক্ষেত্রে, জ্বালানি সারচার্জ হিসাবে 1% + GST-র বদলে ভারতীয় টাকা 10 + GST চাপানো হতে পারে। যত সারচার্জই চাপানো হোক না-কেন, তার উপর গ্রাহককে জ্বালানি সারচার্জ মকুবের সুবিধা প্রদান করা হবে ক্রেডিট কার্ডে থাকা সংশ্লিষ্ট ভ্যালু প্রোপোজিশন/ফিচার অনুযায়ী।<br>• জ্বালানি সারচার্জের (যদি থাকে) উপর কোনও যে কর চাপানো হবে তা মকুব করা হবে না এবং তা কার্ড ধারককে বহন করতে হবে। |
| *এজ রিওয়ার্ড* পয়েন্ট রিডিম করা বাবদ ফি | 300-র কম রিওয়ার্ড পয়েন্ট রিডিম করা হলে শূন্য |
| | 300 থেকে 10,000-এর মধ্যে রিওয়ার্ড পয়েন্ট রিডিম করা হলে 49 টাকা |
| | 10,000-এর বেশি রিওয়ার্ড পয়েন্ট রিডিম করা হলে 99 টাকা |
| | *যেসব কার্ড-ধারকের কাছে সিলেক্ট* ক্রেডিট কার্ড, *অ্যাক্সিস ব্যাঙ্ক অ্যাটলাস* ক্রেডিট কার্ড, *অ্যাক্সিস ব্যাঙ্ক সিগনেচার* ক্রেডিট কার্ড, *অ্যাক্সিস ব্যাঙ্ক ইনফিনিট* ক্রেডিট কার্ড, *প্রিভিলেজ* ক্রেডিট কার্ড, *ম্যাগনাস* ক্রেডিট কার্ড, *ম্যাগনাস ফর* |

| | |
|---|---|
| | *বারগান্ডি* ক্রেডিট কার্ড, *রিজার্ভ* ক্রেডিট কার্ড, *বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ড, *স্যামসাঙ অ্যাক্সিস ব্যাঙ্ক ইনফিনিট* ক্রেডিট কার্ড, *রিওয়ার্ডস* ক্রেডিট কার্ড, *প্রাওরিটি প্ল্যাটিনাম* ডেবিট কার্ড, *বারগান্ডি* ডেবিট কার্ড, *বারগান্ডি প্রাইভেট* ডেবিট কার্ড, *রুপে প্ল্যাটিনাম এনআরও* ডেবিট কার্ড, *বারগান্ডি এনআরও* ডেবিট কার্ড *বা বারগান্ডি প্রাইভেট এনআরও* ডেবিট কার্ড *আছে তাঁদের জন্য মকুব করা হয়েছে* |
| বিদেশি মুদ্রা লেনদেন বাবদ ফি**** | *ম্যাগনাস* ক্রেডিট কার্ড ও ম্যাগনাস ফর *বারগান্ডি ক্রেডিট* কার্ডের ক্ষেত্রে লেনদেন মূল্যের 2%; রিজার্ভ ক্রেডিট কার্ডের ক্ষেত্রে লেনদেন মূল্যের 1.5%; বারগান্ডি ক্রেডিট কার্ডের ক্ষেত্রে শূন্য; অন্যান্য সমস্ত কার্ডের ক্ষেত্রে লেনদেন মূল্যের 3.50% |
| ডায়নামিক কারেমন্সি কনভার্শন মার্ক-আপ*****<br>(5 মার্চ 2023 থেকে প্রযোজ্য) | আন্তর্জাতিক স্থানে ভারতীয় মুদ্রায় হওয়া প্রতিটি আন্তর্জাতিক লেনদেনে বা ভারতে অবস্থিত কিন্তু বিদেশে নিবন্ধিত কোনও বণিক সংস্থার সঙ্গে ভারতীয় মুদ্রায় লেনদেন করা হলে তার উপর 1% ও সঙ্গে কর প্রযোজ্য হবে।<br>*বারগান্ডি প্রাইভেট* ক্রেডিট কার্ডের ক্ষেত্রে শূন্য; |
| রেন্ট লেনদেন বাবদ ফি*****<br>(5 মার্চ 2023 থেকে প্রযোজ্য) | প্রতিটি রেন্টাল লেনদেনের ক্ষেত্রে লেনদেন প্রতি সর্বোচ্চ ভারতীয় টাকা 1,500-এ 1% ফি প্রযোজ্য হবে। ভারত সরকারের পক্ষ থেকে জারি হওয়া বিজ্ঞপ্তি অনুযায়ী কর প্রযোজ্য হবে। |
| লেনদেনের ব্যাপারে মোবাইল অ্যালার্ট | মকুব করা হয়েছে |
| হট লিস্টিং চার্জসমূহ | মকুব করা হয়েছে |

| | |
|---|---|
| ব্যালেন্স সংক্রান্ত অনুসন্ধান বাবদ মাসুল | মকুব করা হয়েছে |
| রিপ্লেসমেন্ট ফি | মকুব করা হয়েছে |

দ্রষ্টব্য: i) সমস্ত ফি, সুদ ও অন্যান্য মাসুলে ভারত সরকারের পক্ষ থেকে জারি হওয়া বিজ্ঞপ্তি অনুযায়ী জিএসটি প্রযোজ্য হবে, এবং তা ভারত সরকারের প্রাসঙ্গিক বিধিনিয়ম অনুযায়ী পরিবর্তন সাপেক্ষ।
ii) ব্যাঙ্কের এই অধিকার আছে যে তারা উপযুক্ত মনে করলে মাঝে-মধ্যে যে-কোনও মাসুল ও ফি পরিবর্তন করতে পারে, বা নতুন কোনও মাসুল বা ফি প্রবর্তন করতে পারে, এবং সেই কথা গ্রাহককে অন্তত এক মাস আগে যথা বিহিত ভাবে জানানো হবে।

***অর্থ পরিশোধে বিলম্ব হওয়া বাবদ ফি:** অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে যদি অর্থ পরিশোধ না-হয় বা ন্যূনতম বকেয়া অর্থও যদি পরিশোধ না-হয়, তাহলে অর্থ পরিশোধে বিলম্ব হওয়া বাবদ ফি কাটা হবে। অর্থ পরিশোধে বিলম্ব হওয়া বাবদ ফি যাতে দিতে না-হয়, তার জন্য অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে ক্লিয়ার ফান্ড ক্রেডিট হতে হবে।
দ্রষ্টব্য: 20 জানুয়ারি, 2023 থেকে এই নিয়ম কার্যকর হয়েছে যে, শুধুমাত্র অনাদায়ী অর্থের উপরেই (শেষ তারিখের আগে পরিশোধ হওয়া অর্থ বাদে) অর্থ পরিশোধে বিলম্ব হওয়া বাবদ ফি চাপানো হবে, এবং মোট অর্থের উপর নয়।

****নগদ তোলা বাবদ ফি:** অ্যাক্সিস ক্রেডিট কার্ডটি ব্যবহার করে কার্ড ধারক ভারতে বা বিদেশে এটিএমগুলি থেকে নগদ টাকা তুলতে পারবেন। এই বিষয়টি নির্ভর করবে এই দিকটির উপর যে, ক্রেডিট কার্ডের জন্য আবেদন জানানোর সময় কার্ড ব্যবহারের কোন দিকগুলিকে অগ্রাধিকার দিয়ে বেছে নিয়েছিলেন; এবং তিনি যেসব এটিএম ব্যবহার করছেন সেগুলি অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ব্যবহারের উপযোগী কি না, সেই অনুসারেও তিনি নগদ তুলতে পারবেন। এই ভাবে নগদ অর্থ তুললে উল্লিখিত মাসুল অনুযায়ী লেনদেন বাবদ ফি নেওয়া হবে এবং তা কার্ড ধারকের কাছে পাঠানো পরবর্তী স্টেটমেন্ট উল্লেখ করা হবে। এই মাসুলগুলি হল শুধুমাত্র ব্যাঙ্ক মাসুল। কিছু-কিছু এটিএম-এ নগদ অর্থ তোলা বাবগ মাসুলও চাপাবে, যার সঙ্গে ব্যাঙ্কের কোনও সম্পর্ক নেই।

****ওভার-লিমিট ফি:** গ্রাহক যদি এমন কোনও লেনদেন করতে চান, যার ফলে ক্রেডিট অ্যামাউন্টটি ক্রেডিট লিমিটকে পার করে চলে যেতে পারে, সেই

ধরনের কিছু লেনদেনকে ব্যাঙ্ক অনুমোদন দিতে পারে। তার জন্য ওভার-লিমিট অ্যামাউন্টের উপর (ন্যূনতম 500 টাকার সাপেক্ষে) 2.5% ওভার-লিমিট ফি চাপানো হবে। ফি বা সুদের মাসুলের জন্য ওভার-লিমিট স্টেটাস হতে পারে। কার্ড ধারক এই ওভার লিমিটের সুবিধা গ্রহণ করতে চান কি না, সেই ব্যাপারে তাঁর থেকে স্পষ্ট ভাবে সম্মতি নিয়ে নেবে ব্যাঙ্ক। অবশ্য, এমন পরিস্থিতিও দেখা দিতে পারে যে, কার্ড ধারকের থেকে স্পষ্ট ভাবে সম্মতি না-পাওয়া সত্ত্বেও তিনি নিজের কার্ড ব্যবহার করে অনুমোদিত ক্রেডিট লিমিট পার করে গেছেন।

****বিদেশি মুদ্রায় মাসুল: ভারতীয় মুদ্রার টাকা ছাড়া যদি অন্য কোনও মুদ্রায় লেনদেন করা হয়, তাহলে সেই লেনদেনটিকে ভারতীয় টাকায় রূপান্তরিত করা হবে। এই রূপান্তর প্রক্রিয়া সম্পন্ন হবে সেই তারিখে যেদিন অ্যাক্সিস ব্যাঙ্কের সঙ্গে লেনদেন নিষ্পত্তি হবে, বিদেশি মুদ্রায় যেদিন লেনদেন করা হবে, সেই দিনই লেনদেন নিষ্পত্তি না-ও হতে পারে। লেনদেন যদি মার্কিন ডলারে করা না-হয়ে থাকে, তাহলে অন্য বিদেশি মুদ্রায় হওয়া ওই লেনদেনের অর্থকে প্রথমে মার্কিন ডলারের হিসাবে নিয়ে আসা হবে, তারপর যত মার্কিন ডলার পাওয়া যাবে, সেটিকে ভারতীয় টাকার হিসাবে নিয়ে আসা হবে। প্রযোজ্য আইন অনুযায়ী নির্দিষ্ট কোনও হার যদি পরিশোধ করতে না-হয়, তাহলে নিষ্পত্তির দিন মার্কিন ডলারকে ভারতীয় টাকায় রূপান্তরিত করার সেই হার ধরা হবে, যে-হার ভিসা/মাস্টারকার্ড-এর থেকে, যেটি হয়, পাওয়া যাবে। এই ধরনের লেনদেনের ক্ষেত্রে ওই হার কারেন্সি কনভার্শন ফ্যাক্টর অ্যাসেসমেন্ট (বর্তমানে 3.50%) অনুযায়ী বৃদ্ধি হয়।

গ্রাহক যদি ওই ধরনের বৈদেশিক লেনদেনের রিফান্ড পেতে চান, তাহলেও অতিরিক্ত 3.5% ফি যুক্ত হয়ে যাবে।

*****ডায়নামিক কারেন্সি কনভার্শন মার্ক-আপ: ডিসিসি-র সাহায্যে একজন গ্রাহক ভারতীয় মুদ্রা ব্যবহার করেই আন্তর্জাতিক লেনদেন করতে পারবেন। অবশ্য, বিদেশি কোনও মার্চেন্টকে ভারতীয় টাকায় অর্থ পরিশোধ করার সময়, লেনদেন হওয়া রাশিতে 1% ডিসিসি মার্ক-আপ ফি ও সঙ্গে কর যুক্ত হবে। আন্তর্জাতিক স্থানে বা বিদেশে নিবন্ধিত কিন্তু ভারতে অবস্থিত বণিকের কাছে পিওএস-এর মাধ্যমে বা অনলাইনে আন্তর্জাতিক লেনদেন করা হলে ডিসিসি প্রযোজ্য হয়। যেমন- আপনি বিদেশে কোনও দোকানে কেনাকাটা করে পিওএস মেশিনে নিজের অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ব্যবহার করে ভারতীয় টাকায় দাম মেটালে, সেই লেনদেন রাশিতে 1% ডিসিসি মার্ক-আপ ফি ও সঙ্গে কর যুক্ত হবে। একই রকম ভাবে, আপনি যদি বিদেশে নিবন্ধিত কিন্তু ভারতে অবস্থিত কোনও দোকান থেকে কেনাকাটা করে নিজের অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ব্যবহার করে ভারতীয় টাকায় দাম মেটান, তাহলে সেই

লেনজেন রাশিতে 1% ডিসিসি মার্ক-আপ ফি ও সঙ্গে কর যুক্ত হবে।

********রেন্ট লেনদেন ফি:** এমসিসি 6513-র মাধ্যমে শনাক্ত হওয়া প্রতিটি রেন্ট পরিশোধের ক্ষেত্রে ওই লেনদেন রাশিতে প্রত্যেক লেনদেনে সর্বাধিক ভারতীয় টাকা 1500 পর্যন্ত 1% রেন্ট সারচার্জ ফি বসানো হবে। ভারত সরকারের বিজ্ঞপ্তি অনুযায়ী কর প্রযোজ্য হবে। যেমন- আপনি যদি নিজের অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ব্যবহার করে একটি তৃতীয় পক্ষের রেন্ট পেমেন্ট প্ল্যাটফর্মে ভারতীয় টাকা 20,000 পরিশোধ করেন, তাহলে সারচার্চ ফি হিসাবে যোগ করা হবে লেনদেন রাশির 1% অর্থাৎ, ভারতীয় টাকা 200 ও সেই সঙ্গে কর। যদি আপনি নিজের অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ব্যবহার করে একটি তৃতীয় পক্ষের রেন্ট পেমেন্ট প্ল্যাটফর্মে ভারতীয় টাকা 200,000 পরিশোধ করেন, তাহলে রেন্ট সারচার্জ ফি বসানো হবে সর্বাধিক ভারতীয় টাকা 1,500 পর্যন্ত ।

**ক) সুদ গণনার উদাহরণ:**

ধরা যাক, আপনি আগের সব বকেয়া পুরোপুরি পরিশোধ করে দিয়েছেন, এবং আপনার ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে আর কোনও অনাদায়ী রাশি নেই, এবং আপনার মাসিক স্টেটমেন্ট বের হয় প্রত্যেক মাসের 20 তারিখে।
আপনি 12 সেপ্টেম্বর তারিখে 25000 টাকার সাংসারিক জিনিসপত্র কিনেছেন এবং 15 সেপ্টেম্বরে ATM থেকে নগদ 5,000 টাকা তুলেছেন।

| তারিখ | লেনদেনের প্রকার | রাশি | ব্যাখ্যা |
|---|---|---|---|
| 12 সেপ্টেম্বর | ক্রয় | 25,000 টাকা ডেবিট ব্যালেন্স | ক্রেডিট কার্ডে কেনা হয়েছে |
| 15 সেপ্টেম্বর | নগদ টাকা তোলা হয়েছে | 5,000 টাকা ডেবিট ব্যালেন্স | ক্রেডিট কার্ড দিয়ে নগদ টাকা তোলা হয়েছে |
| 15 সেপ্টেম্বর | নগদ লেনদেন বাবদ ফি | 500 টাকা ডেবিট ব্যালেন্স | 5000*2.5% = Rs. 125 টাকা, যা কিনা 500 টাকার থেকে কম |

| | | | |
|---|---|---|---|
| 20 সেপ্টেম্বর | সুদ | 35.50 টাকা ডেবিট ব্যালেন্স | 5,000 টাকা নগদ তোলা হয়েছে* 6 দিন* 3.6%*12 মাস/365 দিন = 35.50 টাকা |
| 20 সেপ্টেম্বর | সুদে জিএসটি | 6.39 টাকা ডেবিট ব্যালেন্স | 35.50*18% = 6.39 টাকা |
| 20 সেপ্টেম্বর | ফি-র উপর জিএসটি | 90.00 টাকা ডেবিট ব্যালেন্স | 500*18% = 90 টাকা |
| ক্লোজিং ব্যালেন্স | | 30,631.89 টাকা ডেবিট ব্যালেন্স | মোট প্রদেয় বকেয়া |

20 সেপ্টেম্বরের স্টেটমেন্টের ক্ষেত্রে আপনার শেষ তারিখ হল 10 অক্টোবর। আপনি যদি 10 অক্টোবর তারিখে 5000 টাকা পরিশোধ করেন এবং সেই সঙ্গে 11 অক্টোবরে নতুন করে কোনও কিছু কেনাকাটাও করেন, আপনার মাসিক স্টেটমেন্ট বের হবে 20 অক্টোবর তারিখে এবং সেখানে এগুলি উল্লেখ করা থাকবে:

| তারিখ | লেনদেনের প্রকার | রাশি | ব্যাখ্যা |
|---|---|---|---|
| ওপেনিং ব্যালেন্স | | 30,631.89 টাকা ডেবিট ব্যালেন্স | পূর্ববর্তী স্টেটমেন্ট থেকে এসে যুক্ত হওয়া ব্যালেন্স |
| 10 অক্টোবর | পরিশোধ | 5,000 টাকা ক্রেডিট ব্যালেন্স | পরিশোধ হওয়া পূর্ববর্তী স্টেটমেন্টের বকেয়া |
| 11 অক্টোবর | ক্রয় | 10,000 টাকা ডেবিট ব্যালেন্স | ক্রেডিট কার্ডে কেনা হয়েছে |

| | | | |
|---|---|---|---|
| 20 অক্টোবর | সুদ | 1421.57 টাকা ডেবিট ব্যালেন্স | 1421.57 টাকার প্রতিটি হিসাব নীচে দেওয়া হল |

ব্যাঙ্ক যে ফি ও মাসুল বসিয়েছে সেগুলিকে সুদ গণনায় অন্তর্ভুক্ত করা হয়নি। তাই, নগদ লেনদেন ফি এবং এই ফি-র জিএসটি-তে সুদ বসানো হয়নি।
ক) 12 সেপ্টেম্বর থেকে 9 অক্টোবর পর্যন্ত (28 দিন) 25000 টাকায় সুদের হার হল মাস প্রতি হিসাবে 3.6% [25,000 টাকা x 3.6% x 28 দিন x 12 মাস / 365 দিন = 828.49 টাকা]
খ) 10 অক্টোবর থেকে 20 অক্টোবর পর্যন্ত (11 দিন) 20000 টাকায় সুদের হার হল মাস প্রতি হিসাবে 3.6% [20,000 টাকা x 3.6% x 11 দিন x 12 মাস / 365 দিন = 260.38 টাকা]
গ) 15 সেপ্টেম্বর থেকে 20 অক্টোবর পর্যন্ত (36 দিন) 5000 টাকায় সুদের হার হল মাস প্রতি হিসাবে 3.6% [5000 টাকা x 3.6% x 36 দিন x 12 মাস / 365 দিন = 213.04 টাকা]
ঘ) 11 অক্টোবর থেকে 20 অক্টোবর পর্যন্ত (10 দিন) 10,000 টাকায় সুদের হার হল মাস প্রতি হিসাবে 3.6% [10,000 টাকা x 3.6% x 10 দিন x 12 মাস / 365 দিন = 118.36 টাকা]
ঙ) 20 সেপ্টেম্বর থেকে 20 অক্টোবর পর্যন্ত (31 দিন) 35.50 (সুদ + শেষ স্টেটমেন্টে আরোপ হওয়া কর)-এ সুদের হার হল মাস প্রতি হিসাবে 3.6% [35.50 x 3.6% x 31 দিন x 12 মাস / 365 দিন = 1.30 টাকা]

| | | | |
|---|---|---|---|
| 20 অক্টোবর | জিএসটি | 255.88 টাকা ডেবিট ব্যালেন্স | 1,421.57 টাকা *18% = 255.88 টাকা |
| ক্লোজিং ব্যালেন্স | | 37,304.05 টাকা ডেবিট ব্যালেন্স | মোট বকেয়া রাশি |

## সুদ গণনা পদ্ধতি-তত্ত্বে পরিবর্তন

সুদের রাশি যে ভাবে গণনা করা হত, তা পরিবর্তিত হবে 01-04-2023 তারিখ থেকে। গ্রাহক যে-সময় পুনরাবর্তন সুবিধা ব্যবহার করছেন (পুনরাবর্তন ক্রেডিট আছে এবং পূর্ববর্তী মাসে মোট বকেয়া রাশির চেয়ে কম

অর্থ পরিশোধ করেছেন) তখন তিনি যেসব লেনদেন করবেন, সেগুলির উপর সুদ বসানো হবে।
এর একটি বিস্তারিত ব্যাখ্যা নীচে দেওয়া হল:

- স্টেটমেন্ট সাইকেল- প্রত্যেক মাসের 16 থেকে 15 তারিখে
- স্টেটমেন্ট বের হওয়ার তারিখ- প্রতি মাসের 16 তারিখে
- অর্থ পরিশোধের শেষ তারিখ- প্রতি মাসের 4 তারিখে
- অর্থ পরিশোধের শেষ তারিখ (অতিরিক্ত 3 দিন সহ)- প্রতি মাসের 7 তারিখ
- সুদের হার- প্রতি মাসে 3.6%

সাইকেল 1: 16 মে থেকে 15 জুন
20 মে তারিখে ক্রয় বাবদ খরচ: ভারতীয় টাকা 10,000
এই স্টেটমেন্ট সাইকেলে আর কিছু ক্রয় করা হয়নি
এই ভারতীয় টাকা 10,000-এর জন্য স্টেটমেন্ট বের করা হয়েছে 16 জুন তারিখে এবং তা পরিশোধ করার শেষ তারিখ 4 জুলাই
মোট বকেয়া রাশি (টিএডি): ভারতীয় টাকা 10,000
ন্যূনতম বকেয়া রাশি (এমএডি): ভারতীয় টাকা 200
সাইকেল 2 : 16 জুন থেকে 15 জুলাই
20 জুন তারিখে ন্যূনতম বকেয়া রাশি পরিশোধ করা হয়েছে: ভারতীয় টাকা 500
25 জুন তারিখে নতুন করে 3,000 টাকার লেনদেন
16 জুলাই তারিখে (স্টেটমেন্ট বের হওয়ার তারিখ), যে-সুদ আরোপ করা হয়েছে, তার মধ্যে নিম্নলিখিত অংশগুলি আছে:

1. 20 মে থেকে 20 জুন পর্যন্ত ভারতীয় টাকা 10,000-এ সুদ:

ভারতীয় টাকা 10,000*30 দিন*3.6%*12/365 = ভারতীয় টাকা 355.07

2. 21 জুন থেকে 15 জুলাই পর্যন্ত ভারতীয় টাকা 9,800-তে সুদ:

ভারতীয় টাকা 9,800*25 দিন*3.6%*12/365 = ভারতীয় টাকা 289.97

3. 25 জুন থেকে 15 জুলাই পর্যন্ত ভারতীয় টাকা 3,000-এ সুদ:

ভারতীয় টাকা 3,000*21 দিন*3.6%*12/365 = ভারতীয় টাকা 74.56

4. মোট সুদে 18% জিএসটি:

18% *(355.07+289.97+74.56) = জিএসটি 129.53

• মোট মাসুল (355.07+289.97+74.56+129.53): ভারতীয় টাকা 849.13
• 16 জুলাই তারিখে ব্যালেন্স: 12800 + 849.13 = ভারতীয় টাকা 13,649.13
• সাইকেল 2-র শেষে বের হওয়া স্টেটমেন্টে মোট বকেয়া রাশি আছে ভারতীয় টাকা 13649.13
• ন্যূনতম বকেয়া রাশি = মাসুল + অবশিষ্ট অনাদায়ী রাশির 2%:

12,800-র 2% + 13,649.13 = ভারতীয় টাকা 13905.13
সাইকেল 3: 16 জুলাই থেকে 15 অগস্ট
20 জুলাই তারিখে মোট বকেয়া রাশি পরিশোধ হয়েছে
ভারতীয় টাকা 13,905.13 পরিশোধ হয়েছে। অনাদায়ী ব্যালেন্স হল শূন্য
এই সাইকেলে আর কিছু কেনা হয়নি।
16 অগস্ট তারিখে (স্টেটমেন্ট বের হওয়ার দিন) সুদের নিম্নলিখিত অংশগুলি যুক্ত হবে লেনদেন ও পরিশোধের তারিখের মধ্যে থাকা পার্থক্যগুলির ক্ষেত্রে।

1. 16 জুলাই থেকে 20 জুলাই পর্যন্ত ভারতীয় টাকা 9,800 ব্যালেন্স সুদ:
ভারতীয় টাকা 9,800 * 5 দিন * 3.6% * 12/365 = ভারতীয় টাকা 56.21
2. মোট সুদে 18% জিএসটি:
18% * 57.99 = ভারতীয় টাকা 10.43

- • মোট মাসুল = (57.99 + 10.43) = ভারতীয় টাকা 68.42
- 16 অগস্টের স্টেটমেন্টে ভারতীয় টাকা 57.99 সুদ ও ভারতীয় টাকা 10.43 জিএসটি যুক্ত হয়েছে।
- অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে ভারতীয় টাকা 68.42 পরিশোধ করার পর, পূর্ববর্তী লেনদেনগুলিতে আর কোনও সুদ বসানো হবে না।

**ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) গণনার যুক্তিতে পরিবর্তন**

সমস্ত অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের ক্ষেত্রে ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) গণনার পদ্ধতি-তত্ত্বকে সংশোধন করা হয়েছে, এবং তা কার্যকর হবে 10 নভেম্বর 2023 তারিখ থেকে।

এমএডি গণনার বর্তমান যুক্তি:

এমএডি = (ক্রয়/নগদ তোলা)-র 5% + (সুদ/অর্থ মাসুল, সমস্ত ফি, লোন, কর)-এর 100%

এমএডি গণনার যুক্তিতে সংশোধন (10 নভেম্বর 2023 থেকে কার্যকর):

এমএডি = (ক্রয়/নগদ তোলা)-র 2% + (সুদ/অর্থ মাসুল, সমস্ত ফি, লোন, কর)-এর 100%

ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) গণনার বিস্তারিত বিবরণ:

ধরা যাক, আপনি পূর্ববর্তী সমস্ত বকেয়া পুরোপুরি পরিশোধ করে দিয়েছেন, এবং এখন আপনার ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে আর কোনও অনাদায়ী রাশি নেই, এবং মাসিক স্টেটমেন্ট বের হয় প্রত্যেক মাসের 15 তারিখে

**এমএডি গণনার পূর্ববর্তী যুক্তি:**

এমএডি = (ক্রয়/নগদ তোলা)-র 5% + (সুদ/অর্থ মাসুল, সমস্ত ফি, লোন, কর)-এর 100%

**এমএডি গণনার সংশোধিত যুক্তি (10 নভেম্বর 2023 থেকে কার্যকর:**

এমএডি = (ক্রয়/নগদ তোলা)-র 2% + (সুদ/অর্থ মাসুল, সমস্ত ফি, লোন, কর)-এর 100%

**ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) গণনার বিস্তারিত ব্যাখ্যা:**
ধরা যাক, আপনি পূর্ববর্তী সমস্ত বকেয়া পুরোপুরি পরিশোধ করে দিয়েছেন, এবং এখন আপনার ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে আর কোনও অনাদায়ী রাশি নেই, এবং মাসিক স্টেটমেন্ট বের হয় প্রত্যেক মাসের 15 তারিখে

| | | | | **এমএডি গণনার পূর্ববর্তী যুক্তি** | | **এমএডি গণনার পূর্ববর্তী যুক্তি** | |
|---|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক সংখ্যা** | **কর-আরোপণ তারিখ** | **প্রকার** | **ক্রেডিট/ডেবিট** | **এমএডি প্রদান** | **রাশি** | **এমএডি প্রদান** | **রাশি** |
| ক | 25 সেপ্টেম্বর | ক্রয় | Db | 5% | 5000 | 2% | 5000 |
| খ | 1 অক্টোবর | যোগদান বাবদ ফি | Db | 100% | 1000 | 100% | 1000 |
| গ | 1 অক্টোবর | যোগদান বাবদ ফি-র উপর জিএসটি | Db | 100% | 180 | 100% | 180 |
| ঘ | 1 অক্টোবর | নগদ তোলা | Db | 5% | 2000 | 2% | 2000 |
| ঙ | 1 অক্টোবর | নগদ তোলা বাবদ ফি | Db | 100% | 100 | 100% | 100 |
| চ | 1 অক্টোবর | জিএসটি | Db | 100% | 18 | 100% | 18 |
| ছ | 15 অক্টোবর | নগদ তোলা বাবদ সুদ | Db | 100% | 35.5 | 100% | 35.5 |
| জ | 15 অক্টোবর | সুদের উপর জিএসটি | Db | 100% | 6.4 | 100% | 6.4 |
| **মোট বকেয়া** | | | | | **8339.89** | | **8339.89** |
| **ন্যূনতম বকেয়া রাশি (এমএডি)** | | | | | **1689.90** | | **1479.90** |

পূর্ববর্তী যুক্তি অনুযায়ী, ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) গণনা করা হবে নীচের নিয়মে:

এমএডি = ক্রয় ও নগদ তোলার উপর 5% + যোগদান বাবদ ফি, নগদ তোলা বাবদ ফি, নগদ তোলা বাবদ সুদ, জিএসটি ও সুদের উপর জিএসটি-র 100%
এমএডি = 5%*(5000+2000) + 100%*(1000+100+18+35.5+6.4) = 1689.90
ন্যূনতম বকেয়া রাশি হবে 1689.90 টাকা

**10 নভেম্বর থেকে যে-সংশোধিত ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) কার্যকর হয়েছে, তা গণনা করা হবে নীচের নিয়মে:**
এমএডি = ক্রয় ও নগদ তোলার উপর 5% + যোগদান বাবদ ফি, নগদ তোলা বাবদ ফি, নগদ তোলা বাবদ সুদ, জিএসটি ও সুদের উপর জিএসটি-র 100%
এমএডি = 2%*(5000+2000) + 100%*(1000+100+18+35.5+6.4) = 1479.90
ন্যূনতম বকেয়া রাশি হবে 1479.90 টাকা

আপনি যদি ₹5,000 খরচ করেন এবং প্রত্যেক মাসে এবং শুধুমাত্র ন্যূনতম বকেয়া রাশিই (ন্যূনতম ₹100 পরিশোধ সাপেক্ষ) পরিশোধ করেন, তাহলে মোট রাশি পরিশোধ করতে-করতে আপনার ~7 বছর পর্যন্ত সময় লেগে যাবে। তাই আমাদের পরামর্শ এই যে, যখনই আপনার হাতে নগদ টাকা আসবে, তখনই আপনি গোটা অনাদায়ী রাশি বা আপনার ন্যূনতম বকেয়া রাশির চেয়ে অনেকখানি বেশি রাশি পরিশোধ করে দিন।

**<u>নিয়ম ও শর্তাবলি- ইএমআই / লোন আগাম বন্ধ করে দেওয়া</u>**

10 নভেম্বর 2023 থেকে এই নিয়ম কার্যকর হয়েছে যে, কার্ড-ধারক যখন কোনও লোনের সুবিধা/লোন আগাম চুকিয়ে দিতে চাইবেন সেই লোনের সুবিধা/লোন সময়কাল চলতে থাকার মধ্যেই, তখন শেষ বিলের তারিখ থেকে শুরু করে লোনের সুবিধা/লোন চুকিয়ে দেওয়ার তারিখ পর্যন্ত তিনি ব্যাঙ্কের কাছে মোট অনাদায়ী বকেয়া (মূল বকেয়া, আগাম চুকিয়ে দেওয়া বাবদ মাসুল ও লোন চুকিয়ে দেওয়ার প্রকৃত শেষ তারিখ পর্যন্ত যত দিন বাকি থাকবে, সেই সব দিনের হিসাবে সুদ সহ) পরিশোধ করতে বাধ্য থাকবেন। এমন পরিস্থিতিতে যেসব সুদ আরোপ করা হবে, সেগুলি কার্ড স্টেটমেন্টে উল্লেখ করা হবে এই ভাবে:

· ক = লোনের অবশিষ্ট সময়কালের গোটা সময়ের হিসাবে (অর্থাৎ, শেষ বিলের তারিখ থেকে লোনের সুবিধা চুকিয়ে দেওয়ার প্রকৃত সময়কালের তারিখ পর্যন্ত) সুদ ডেবিট হয়ে যাবে।

· খ = লোন আগাম চুকিয়ে দেওয়ার পর অবশিষ্ট যে সময় থাকবে তার উপর (অর্থাৎ, লোন আগাম চুকিয়ে দেওয়ার তারিখ থেকে লোনের সুবিধা চুকিয়ে দেওয়ার প্রকৃত সময়কালের তারিখ পর্যন্ত) সুদ ক্রেডিট হয়ে যাবে কার্ড অ্যাকাউন্টে।

তার ফলে, শেষ বিলের তারিখ থেকে শুরু করে লোন আগাম চুকিয়ে দেওয়ার তারিখ পর্যন্ত যত দিন থাকবে, সেই দিনগুলির হিসাবে গ্রাহকের থেকে নেট সুদ অর্থাৎ, (ক-খ) কেটে নেওয়া হবে।

**ব্যাখ্যা:** ধরা যাক, আপনি পূর্ববর্তী সমস্ত বকেয়া পুরোপুরি মিটিয়ে দিয়েছেন, এবং আপনার ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে আর কোনও অনাদায়ী রাশি নেই, আর আপনার মাসিক স্টেটমেন্ট বের হয় প্রত্যেক মাসের 25 তারিখে। আপনি 3 মে ’23 তারিখে 6 মাসের জন্য ভারতীয় টাকা 5,000-এর ইএমআই-তে ব্যালেন্স (বিওই) নিয়েছিলেন 14% সুদে। জুলাই ’23 পর্যন্ত 2টি ইএমআই কাটা হয়েছে এবং আপনি 17 জুলাই ’23 তারিখে আবেদন জানিয়েছেন যে, আপনি লোন আগাম চুকিয়ে দিতে চান।

| **তারিখ** | **লেনদেনের প্রকার** | **রাশি (টাকা)** | **ব্যাখ্যা** |
|---|---|---|---|
| 3 মে ’23 | বিওই (ইমআই-তে ব্যালেন্স) | 867.69 টাকা ডেবিট | ক্রেডিট কার্ডে বিওই (ইএমআই-তে ব্যালেন্স) নেওয়া হয়েছে |
| 2 জুন ’23 | প্রথম ইএমআই রাশি | 867.69 টাকা ডেবিট | 867.69 টাকা ইএমআই কাটা হয়েছে (মূল = 809.36 টাকা, সুদ = 58.33 টাকা) |
| 2 জুলাই ’23 | সুদে জিএসটি | 10.50 টাকা ডেবিট | সুদে 18% জিএসটি, তাই 58.33*18% = টাকা 10.50 |
| 2 জুলাই ’23 | দ্বিতীয় ইএমআই রাশি | 867.69 টাকা ডেবিট | 867.69 টাকা EMI কাটা হয়েছে (মূল = 818.80 টাকা, সুদ = 48.89 টাকা) |
| 2 জুলাই ’23 | সুদে জিএসটি | 8.80 টাকা ডেবিট | সুদে 18% জিএসটি, তাই 48.89*18% = 10.50 টাকা |
| 17 জুলাই ’23 | বিওই আগাম চুকিয়ে দেওয়া | 159.08 টাকা ডেবিট | 17 জুলাই ’23 তারিখে লোন আগাম চুকিয়ে দেওয়ার অনুরোধ। অবশিষ্ট সময়কালের (3 জুলাই ’23 থেকে 2 নভেম্বর ’23 পর্যন্ত) |

| | | | |
|---|---|---|---|
| | ইমআই-সমূহ # 3 থেকে 6-এর জন্য সুদ ডেবিট | | জন্য সুদের ডেবিট 3371.84*14%*123 দিন/365 দিন=159.08<br>(3371.84 টাকা হল মূল অনাদায়ী ব্যালেন্স) |
| 17 জুলাই ’23 | উল্লিখিত সুদে জিএসটি | 28.63 টাকা ডেবিট | 159.08*18% = 28.63 টাকা |
| 17 জুলাই ’23 | কিস্তির সুদে বদল | 140.97 টাকা ডেবিট | অব্যবহৃত সময়ের (17 জুলাই ’23 থেকে 2 নভেম্বর ’23 পর্যন্ত) সুদে বদল<br>3371.84*14%*109 দিন/365 দিন= 140.97 টাকা<br>(3371.84 টাকা হল মূল অনাদায়ী ব্যালেন্স) |
| 17 জুলাই ’23 | জিএসটি-তে বদল | 25.37 টাকা ডেবিট | 140.97*18%= 25.37 টাকা |
| | কার্যকর নেট সুদ | 18.11 টাকা | শেষ বিলের তারিখে থেকে লোন আগাম চুকিয়ে দেওয়ার তারিখ পর্যন্ত সুদ |
| | কার্যকর নেট জিএসটি | 3.26 টাকা | উক্ত কার্যকর নেট সুদে জিএসটি |

উক্ত পরিবর্তনগুলি সমস্ত অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের অন্তর্গত ক্রেডিট কার্ডে ইনস্ট্যান্ট লোন, ইএমআই-তে ব্যালেন্স কনভার্শন, মার্চেন্টে ইএমআই-তে ট্রানজাকশন কনভার্শন, বা পোস্ট-ফ্যাক্টো (ট্রানজাকশন ইএমআই)-গুলির ক্ষেত্রে প্রযোজ্য হবে। লোন আগাম চুকিয়ে দেওয়া সংক্রান্ত অন্যান্য সমস্ত পরিবর্তন বজায় থাকবে বর্তমান নিয়ম ও শর্তাবলি অনুযায়ী।
অনুগ্রহ করে নীচে দেওয়া বিস্তারিত নিয়ম ও শর্তাবলি দেখে নিন:

- ক্রেডিট কার্ডে লোন - https://www.axisbank.com/retail/cards/credit-card/useful-links/card-services
- ইএমআই-তে ব্যালেন্স কনভার্শন - https://www.axisbank.com/retail/cards/credit-card/useful-links/card-services

- ইএমআই-তে ট্রানজাকশন কনভার্শন (টিইএমআই)- https://www.axisbank.com/retail/cards/credit-card/useful-links/card-services
- মার্চেন্ট ইএমআই - https://www.axisbank.com/retail/cards/credit-card/useful-links/card-services

## ক) ক্রেডিট ও নগদ তোলা/ আগাম ফি

- **ক্রেডিট লিমিট:** কার্ড-ধারকের জন্য এই সীমা বেঁধে দেওয়া হয়। সমস্ত লেনদেন, ফি ও মাসুল সহ মোট অনাদায়ী এই সীমা যেন পার না-করে।

- **নগদের সীমা:** কার্ড-ধারকের জন্য আগাম নগদের এই সীমা বেঁধে দেওয়া হয়। এই সীমা হল ক্রেডিট লিমিটের থেকে কম, এবং এটি হল সামগ্রিক ক্রেডিট লিমিটেরই একটি অংশ।

  এটিএম থেকে নগদ টাকা তুললে ট্রানজাকশন ফি চাপানো হয়। সেই সঙ্গে, নগদ লেনদেন করা হলে সর্বদা সেই লেনদেনের তারিখ থেকেই সুদ বসে যাবে। খুচরো পণ্য ক্রয় সংক্রান্ত নিয়ম এখানে খাটে না। খুচরো পণ্য ক্রয় করলে সুদ যোগ হওয়ার বিষয়টি নির্ভর করে অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে 100% ব্যালেন্স পরিশোধের উপর

- **উপলব্ধ ক্রেডিট লিমিট:** যে-কোনও সময় উপলব্ধ ক্রেডিট লিমিট মানে হল নির্ধারিত ক্রেডিট লিমিট ও সেই সময়ে কার্ডে অনাদায়ী ব্যালেন্সের মধ্যে থাকা পার্থক্য। প্রধান কার্ড-ধারকের জন্য নির্ধারিত এই কার্ড লিমিটকে ভাগ করে নিতে পারবেন অ্যাড-অন কার্ড-ধারক(গণ)

- **উপলব্ধ নগদ সীমা:** যে-কোনও সময় উপলব্ধ নগদ সীমা মানে হল নির্ধারিত নগদ সীমা ও সেই সময়ে কার্ডে অনাদায়ী নগদ ব্যালেন্সের মধ্যে থাকা পার্থক্য।

- **আন্তর্জাতিক সীমা:** আন্তর্জাতিক ভাবে কার্ড ব্যবহারের ক্ষেত্রে একজন গ্রাহকের জন্য যে-সীমা নির্ধারণ করে দেওয়া হয়, তাকেই বলে আন্তর্জাতিক সীমা। এই নিয়ম সেই গ্রাহকদের জন্যই প্রযোজ্য, যাঁরা ক্রেডিট কার্ডের আবেদন করার সময় আন্তর্জাতিক ভাবে কার্ড ব্যবহারের বিকল্প বেছে নিয়েছিলেন। আপনাকে দেওয়া ওয়েলকাম-কিটে যে আন্তর্জাতিক সীমা উল্লেখ করা আছে, সেটিই প্রযোজ্য হবে।

- প্রত্যেক কার্ড-ধারকের ক্ষেত্রে ক্রেডিট, নগদ ও আন্তর্জাতিক (যদি থাকে) সীমা আলাদা-আলাদা হয়ে থাকে। এ কথা জানিয়ে দেওয়া হয়

  কার্ড-ধারককে তাঁর কাছে পাঠানো স্বাগতম-পত্রে। এই পত্র দেওয়া হয় কার্ড ডেলিভারি করার সময়। এ ছাড়া, এই কথাগুলি কার্ড-ধারকের কাছে পাঠানো মাসিক স্টেটমেন্টেও জানানো হয়। উক্ত স্টেটমেন্টের অংশ হিসাবে প্রত্যেকটি মাসিক স্টেটমেন্ট বের করার সময় তার মধ্যে উপলব্ধ ক্রেডিট লিমিট উল্লেখ করে দেওয়া হয়।

- **মাল্টি কার্ড-লিমিট শেয়ারিং:** কার্ড-ধারকের কাছে বর্তমানে যে-ধরনের কার্ড আছে, তার চেয়ে আলাদা ধরনের কার্ড অ্যাক্সিস ব্যাঙ্ক দিতে পারবে নিজের একক বিবেচনায়। সেই অধিকার তাদের আছে। অ্যাক্সিস ব্যাঙ্ক নিজেদের একক বিবেচনায় যে-কোনও ক্রেডিট কার্ডের জন্য যে-কোনও সময় ক্রেডিট লিমিট ও নগদের সীমা ঠিক করতে পারে। আপনার সমস্ত অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে ক্রেডিট লিমিট শেয়ার করা আছে। আপনার এক-একটি অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে ক্রেডিট লিমিট আলাদা-আলাদা থাকলেও সেগুলিকে একসঙ্গে মিলিয়ে ব্যবহার করলে তা শেয়ার করা লিমিটের মধ্যেই থাকবে। একক কার্ডের স্তরে ক্রেডিট লিমিট বা গ্রাহকের স্তরে শেয়ার করা লিমিট সম্পর্কে এই ব্যাঙ্ক নিজের একক বিবেচনায় সিদ্ধান্ত নিতে পারবে, এবং সেই সিদ্ধান্ত তারা নেবে বিদ্যমান অভ্যন্তরীণ নির্দেশিকার ভিত্তিতে। ক্রেডিট কার্ড স্ট্যান্ডার্ডে একটি ক্রেডিট লিমিট নির্ধারণ করে দেওয়া হয়, তার চেয়ে অনাদায়ী রাশি বেড়ে গেলে ওভার লিমিট চার্জ প্রযোজ্য হবে।
  গ্রাহক নিজের বর্তমান কার্ডের/কার্ডগুলির জন্য আবেদন জানালে, সেই সাম্প্রতিক আবেদন অনুযায়ী গ্রাহকের বয়স-লিঙ্গ-ঠিকানা ইত্যাদি এবং তাঁর ব্যক্তিগত তথ্য হালনাগাদ করার অধিকার অ্যাক্সিস ব্যাঙ্কের আছে, যদি করার থাকে।
  একজন গ্রাহকের নামে সর্বাধিক কতগুলি অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড জারি করা হবে তা ব্যাঙ্কের অভ্যন্তরীণ নীতি ও বিবেচনা সাপেক্ষ।

- একজন গ্রাহকের কাছে যতগুলি ক্রেডিট কার্ড আছে, সেগুলির ক্রেডিট লিমিট ব্যাঙ্কের বিদ্যমান নীতি-নির্দেশিকা ও তাদের একক বিবেচনা সাপেক্ষ। যদি একজন গ্রাহকের কাছে একাধিক অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড থাকে, তাহলে সবগুলি কার্ডের লিমিটই শেয়ার করা আছে এবং সব কার্ডের লিমিটই হল সমান। যেমন, একজন গ্রাহকের

জন্য ক্রেডিট লিমিট যদি ভারতীয় টাকা 1,00,000 নির্ধারিত থাকে, এবং তাঁর কাছে যদি অ্যাক্সিস ব্যাঙ্কের দুটি ক্রেডিট কার্ড থাকে, তাহলে প্রতিটি কার্ডে আলাদা করে ভারতীয় টাকা 1,00,000 লিমিটের কথা উল্লেখ করা থাকবে, এবং এই লিমিট উভয় কার্ডের মধ্যে শেয়ার করা থাকবে। একজন গ্রাহক ক কার্ড ব্যবহার করে INR 90,000 খরচ করেছেন, এবং খ কার্ড ব্যবহারই করেননি, অতএব টাকাও খরচ হয়নি, সেই ক্ষেত্রে উভয় কার্ডেই ক্রেডিট সীমা কিন্তু ভারতীয় টাকা 10,000-ই অবশিষ্ট থাকবে। এমন অবস্থায়, গ্রাহক কিন্তু ক কার্ডে 1,00,000 এবং খ কার্ডেও 1,00,000 পাচ্ছেন না।

- একজন গ্রাহকের কাছে অ্যাক্সিস ব্যাঙ্কের একটি কার্ড আছে। এরপর তিনি ব্যাঙ্কে আরেকটি কার্ডের জন্য আবেদন জানালেন। সেই ক্ষেত্রে, প্রথম কার্ডে যে-লিমিট প্রযোজ্য ছিল, সেই একই লিমিট দ্বিতীয় কার্ডেও প্রযোজ্য হবে। অবশ্য, গ্রাহক যখন দ্বিতীয় কার্ডের জন্য আবেদন জানাবেন, তখন তাঁকে পর্যালোচনা করে যদি মনে হয়, তাঁর জন্য লিমিট বাড়ানো যেতে পারে, এবং তিনিও যদি দ্বিতীয় কার্ডের আবেদন জানানোর মাধ্যমে লিমিট বাড়ানোর ব্যাপারে সম্মতি দেন, তাহলে তাঁর সব কার্ডের ক্ষেত্রেই, অর্থাৎ, তাঁর বর্তমান কার্ডে এবং তাঁর নামে জারি হওয়া নতুন কার্ডে সংশোধিত লিমিট প্রযোজ্য হবে।
- গ্রাহকের কাছে যে কার্ড/কার্ডগুলি রয়েছে, সেগুলির ক্রেডিট লিমিটকে মাঝে-মধ্যে পর্যালোচনা (তা বাড়ানো বা কমানো) করার অধিকার অ্যাক্সিস ব্যাঙ্কের আছে। তারা নিজের একক বিবেচনায় এই কাজ করতে পারে। এমন পর্যালোচনার ভিত্তিতে গ্রাহকের কাছে সেই লিমিট বৃদ্ধির প্রস্তাব (নির্দিষ্ট বৈধ সময়সীমা সহ) পাঠানো হবে, এবং গ্রাহক স্পষ্ট ভাবে সম্মতি দিলে, সেই লিমিট বৃদ্ধির প্রক্রিয়াকরণ শুরু হয়ে যাবে গ্রাহকের কাছে থাকা সমস্ত ক্রেডিট কার্ডের জন্য, যা ওই প্রক্রিয়াকরণের সময় রিয়্যাল টাইম চেক সাপেক্ষ। ক্রেডিট বৃদ্ধির আবেদনের পর যে-তারিখে তার জন্য পদক্ষেপ করা হবে, সেই তারিখে ওই ক্রেডিট কার্ডের যোগ্যতা সাপেক্ষে ক্রেডিট লিমিট বৃদ্ধি করা হবে এবং তার প্রক্রিয়াকরণ শুরু হবে 3টি কর্ম-দিবসের মধ্যে।
- ব্যাঙ্কের পক্ষ থেকে লিমিট বৃদ্ধির প্রস্তাব পাওয়ার জন্য গ্রাহক যদি উপযুক্ত বলে বিবেচিত না-হন, সেই ক্ষেত্রে, গ্রাহক নিজেই তাঁর বর্তমান ক্রেডিট লিমিট পর্যালোচনার জন্য অনুরোধ জানাতে পারেন। এর জন্য ব্যাঙ্ক যেসব প্রয়োজনীয় নথিপত্র চাইবে, সেগুলি জমা দিতে হবে। সেই পর্যালোচনা বা লিমিট বৃদ্ধি (যদি করতে হয়) করা হবে কি না, তা ব্যাঙ্কের একক বিবেচনার বিষয়। এই ধরনের অনুরোধের ভিত্তিতে কাজের প্রক্রিয়া শুরু হয়ে যায় 7টি কর্ম-দিবসের মধ্যে।

- **কার্ড ব্যবহার সম্পর্কে আরবিআই-এর নির্দেশিকা**
  আরবিআই-এর নির্দেশিকা অনুযায়ী, সমস্ত কার্ডকেই ব্যবহারের জন্য সক্রিয় করা হবে শুধুমাত্র ভারতের মধ্যে কনট্যাক্ট বেসড পয়েন্টগুলিতে (এটিএম ও পিওএস অর্থাৎ, পয়েন্ট অব সেল্স ডিভাইসগুলিতে) ব্যবহারের জন্য। আপনি কী ভাবে কার্ড ব্যবহার করবেন তা নিজের পছন্দ অনুযায়ী সেট করে নিতে পারেন বা নিজের পছন্দ বদলও করতে পারেন এবং নিজের কার্ডের ট্রানজাকশন লিমিটকেও পরিচালিত করতে পারেন। এই কাজ আপনি যে-কোনও সময় অ্যাক্সিস মোবাইল অ্যাপ, ইন্টারনেট ব্যাঙ্কিং-এর মাধ্যমে বা গ্রাহক পরিষেবার সঙ্গে যোগাযোগ করে/নিকটতম শাখায় গিয়ে স্পর্শহীন, আন্তর্জাতিক, অনলাইন ট্রানজাকশনকে সক্রিয় বা নিষ্ক্রিয় করে করতে পারেন। আপনার কার্ডের সামনের অংশেই স্পর্শহীনতার প্রতীক আছে, তা দেখেই বোঝা যায় যে, আপনার কার্ডকে স্পর্শ না-করেও গ্রহণ করা যাবে। আপনার কার্ডের প্লাস্টিক যদি উল্লিখিত ট্রানজাকশনগুলির সহায়ক না-হয়, তাহলে আপনি পছন্দসই ব্যবহার/লিমিটকে সক্রিয় বা নিষ্ক্রিয় করতে পারবেন না, এর অনুরোধ জানানোর জন্য অনুগ্রহ করে গ্রাহক পরিষেবায় ফোন করুন বা কোনও শাখায় যান।

**গ) ক্রেডিট-ফ্রি সময়কাল**

ট্রানজাকশন বা লেনদেনের তারিখের ভিত্তিতে সুদহীন অতিরিক্ত সময় পাওয়া যেতে পারে 20 থেকে 50 দিন পর্যন্ত। যদি পূর্ববর্তী সামের বিলে কোনও ব্যালেন্স অনাদায়ী থেকে থাকে, তাহলে সুদহীন ক্রেডিট সময়কাল স্থগিত থাকবে।

**অতিরিক্ত সময়কাল গণনার দৃষ্টান্তমূলক উদাহরণ:**
20 জুন থেকে 20 জুলাই পর্যন্ত সময়কালের জন্য যে স্টেটমেন্ট, তা পরিশোধের শেষ তারিখ হবে 10 অগস্ট। ধরা যাক, আপনি পূর্ববর্তী মাসের স্টেটমেন্টের মোট বকেয়া রাশি পরিশোধ করে দিয়েছেন অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে, তাহলে অতিরিক্ত সময় হিসাবে পাবেন:

1. 24 জুন তারিখে কিছু কিনলে, সুদহীন অতিরিক্ত সময়কাল হবে 24 জুন থেকে 10 অগস্ট পর্যন্ত। অর্থাৎ, 47 দিন।

2. 14 জুলাই তারিখে কিছু কিনলে, সুদহীন অতিরিক্ত সময়কাল হবে 18 জুলাই থেকে 10 অগস্ট পর্যন্ত। অর্থাৎ, 23 দিন। তার মানে, কেনাকাটার তারিখের ভিত্তিতে এই অতিরিক্ত সময়ের মধ্যে তারতম্য হতে পারে। অবশ্য, পূর্ববর্তী মাসের মোট বকেয়া রাশি যদি অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে পরিশোধ করা না-হয়, তাহলে ফ্রি ক্রেডিট পিরিয়ড আর পাওয়া যাবে না এবং কোনও সুদহীন সময়কালও থাকবে না। আগাম নগদের ক্ষেত্রে সুদ বসবে লেনদেনের তারিখ থেকে শুরু করে তা পরিশোধের তারিখ পর্যন্ত।

**ঘ) বিলিং ও স্টেটমেন্ট**

i] বিলিং স্টেটমেন্ট- সময়সীমা ও প্রেরণ পদ্ধতি: ক্রেডিট কার্ডে যদি কোনও লেনদেন হয় বা তার মধ্যে যদি 100 টাকার বেশি অনাদায়ী রাশি থাকে, তাহলে মাসে একবার করে ব্যাঙ্ক একটি স্টেটমেন্ট/ই-স্টেটমেন্ট পাঠাবে আপনাদের সেই ডাক ঠিকনায়/ই-মেল ঠিকানায়, যা তাদের রেকর্ডে আছে। স্টেটমেন্ট না-পেলেও এই চুক্তি অনুযায়ী আপনাকে নিজের বাধ্যবাধকতা ও দায়বদ্ধতা পালন করতেই হবে এবং অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে কার্ডের অনাদায়ী ব্যালেন্স মিটিয়ে দিতে আপনি বাধ্য থাকবেন।

ii] মার্চেন্ট প্রতিষ্ঠানগুলির থেকে যেসব ডেবিট পাওয়া যাবে এবং যেসব মাসুল যুক্ত হবে, সেগুলিকে কার্ড অ্যাকাউন্টে ডেবিট করে দেবে ব্যাঙ্ক, এবং কার্ড-ধারকের পক্ষ থেকে ব্যাঙ্কের কাছে যা অর্থ পরিশোধ করা হবে সেগুলিকে এবং কার্ড-ধারকের পক্ষে কোনও অর্থ পরিশোধ হলে, সেগুলিকেও কার্ড অ্যাকাউন্টে ক্রেডিট করে দেওয়া হবে।

iii] ব্যাঙ্কের পক্ষ থেকে কার্ড-ধারককে পুনরাবৃত্ত ক্রেডিট সুবিধা প্রদান করা হতে পারে। তার মাধ্যমে কার্ড-ধারক স্টেটমেন্টে উল্লিখিত শুধুমাত্র ন্যূনতম বকেয়া রাশি (এমএডি) পরিশোধ করতে পারেন। কার্ড-ধারকের পক্ষ থেকে মোট বকেয়া রাশি (টিএডি) ও এমএডি পরিশোধ হতে হবে অর্থ পরিশোধের তারিখে বা সেই তারিখের মধ্যে, তা-ও স্টেটমেন্টে উল্লেখ করা থাকে।

iv] অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে এমএডি পরিশোধ করা না-হলে আপনার অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড প্রত্যাহার বা স্থগিত হওয়ার (সাময়িক ভাবে বা চিরদিনের জন্য) ঝুঁকিতে পরে যেতে পারেন। এ

ছাড়া, বকেয়া পরিশোধ না-করার জন্য আলাদা ফি বসে যাবে। ব্যাঙ্ক নিজের একক বিবেচনায় মার্চেন্ট প্রতিষ্ঠানকে এই নির্দেশও দিতে পারে যে, অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডকে যেন গ্রহণ করা না-হয় এবং/অথবা সেই কার্ডের নম্বরকে কার্ড অ্যাসোসিয়েশন সিস্টেমে হট-লিস্টিং করে কার্ডটিকে হেফাজতে নিয়ে নেওয়া হয়।

v] বিলিং-এর সময়পর্বে আপনি অর্থ পরিশোধের শেষে তারিখের আগে একাধিক বার ন্যূনতম বকেয়া রাশির চেয়ে বেশি অর্থ পরিশোধ করতে পারেন, অথবা অর্থ পরিশোধের আগে যে-কোনও সময় কার্ড অ্যাকাউন্টের অনাদায়ী ব্যালেন্স পরিশোধ করতে পারেন।

vi] আপনার কার্ড অ্যাকাউন্টে যা-যা পরিশোধ হবে, সেগুলি নিম্নলিখিত ক্রমে বিভক্ত হয়ে যাবে:

1. ফি ও মাসুল সেই সঙ্গে কর
2. সুদের মাসুল
3. আগাম নগদ
4. ডায়াল-আ-ড্রাফ্ট
5. ইএমআই
6. ব্যালেন্স ট্রান্সফার
7. কেনাকাটা

vii] আপনি যদি অর্থ পরিশোধ সংক্রান্ত কোনও নির্দেশ জারি করেন, তা খারিজ করা হবে, কার্ডের সুযোগ-সুবিধা স্থগিত/সমাপ্ত করা হবে, মাসুল তালিকায় উল্লিখিত ফি বসানো হবে কার্ড অ্যাকাউন্টে। এসবই করা হবে ব্যাঙ্কের একক বিবেচনায়। ব্যাঙ্কের একক বিবেচনায় ওই প্রকার ফি-র রাশি পরিবর্তন সাপেক্ষ। যে-কোনও ধরনের উপযুক্ত আইনি পদক্ষেপ শুরু করার অধিকার ব্যাঙ্কের আছে।

viii] আপনি যদি মাসিক অ্যাকাউন্ট স্টেটমেন্টের ডুপ্লিকেট পাওয়ার অনুরোধ জানান, তবেই তা ব্যাঙ্কের পক্ষ থেকে দেওয়া হবে। তার জন্য একটি পরিষেবা মাসুল দিতে হবে, যে-মাসুলের কথা মাসুল-তালিকায় উল্লেখ করা আছে এবং তা ব্যাঙ্কের বিবেচনায় পরিবর্তন সাপেক্ষও বটে।

ix] আপনার যোগাযোগ ঠিকানা/ই-মেল ঠিকানা যদি বদলে যায়, তাহলে আপনার প্রতি পরামর্শ, ব্যাঙ্কের সঙ্গে সত্বর যোগাযোগ করে নতুন তথ্য

হালনাগাদ করিয়ে নিন। যাতে আপনি নিয়মিত ভাবে ও সময় মতন স্টেটমেন্ট পেতে থাকেন, তা নিশ্চিত করার জন্য।

x] বিল সংক্রান্ত বিবাদ- স্টেটমেন্ট/স্টেটমেন্টগুলিতে যেসব বিষয় উল্লিখিত থাকে, সেগুলিকে কার্ড-ধারক/কার্ড-ধারকগণ সঠিক বলে মনে করেছেন এবং তা গ্রহণ করেছেন বলে ধরে নেওয়া হবে, যদি-না কার্ড-ধারক/কার্ড-ধারকগণ ব্যাঙ্ককে বিলের কোনও ত্রুটি-বিচ্যুতির কথা জানিয়ে থাকেন। ব্যাঙ্ক যদি দেখে যে, উল্লিখিত বিচ্যুতিগুলি বৈধ, তাহলে ব্যাঙ্ক সেগুলিকে সাময়িক ভাবে বদলে দিতে পারে। সাময়িক ভাবে মানে তত দিন পর্যন্ত, যত দিন না-পর্যন্ত ব্যাঙ্ক নিজের সম্পূর্ণ সন্তুষ্টি অনুযায়ী গ্রাহকের অভিযোগ-পরবর্তী তদন্ত সম্পূর্ণ করছে। ব্যাঙ্ক যে-তদন্ত চালিয়েছে, তাতে যদি দেখা যায় যে, উক্ত সমস্যা (বিচ্যুতি)-র জন্য কার্ড-ধারকই দায়ী, তাহলে তাঁর উপর মাসুল বসানো হবে, এবং সেই মাসুলের কথা পরবর্তী স্টেটমেন্টে ফের উল্লেখ করা হবে, এবং মাসুল তালিকায় উল্লিখিত মাসুল অনুযায়ী ব্যাঙ্কের পক্ষ থেকে ফি/মাসুল দাবি করা হবে।

xi] ইএমআই সুবিধা নেওয়া হলে, প্রকৃত লেনদেনের সময় যদি কোনও রিওয়ার্ড পয়েন্ট যোগ করা হয়, তাহলে সেটিকে বাতিল করা হবে।

**ঙ) ইউপিআই-তে অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ড**

এই নিয়ম ও শর্তগুলিই ব্যবহারকারী ও অ্যাক্সিস ব্যাঙ্কের মধ্যে চুক্তি গঠন করছে এবং উক্ত তালিকার অন্তর্গত ক্রেডিট কার্ড এমআইটিসি-র সঙ্গে এই চুক্তিও যুক্ত হবে এবং এটি সেই ক্রেডিট কার্ড এমআইটিসি-কে খর্ব করবে না।

এই সুবিধা দেওয়া হবে শুধুমাত্র সেই সব ব্যবহারকারীকে যাঁরা যোগ্যতার মাপকাঠিতে উতরে যেতে পারবেন এবং এই সুবিধা অ্যাক্সিস ব্যাঙ্কের একক বিবেচনায় প্রদান করা হবে এবং ব্যবহারকারীকে জানিয়ে বা না-জানিয়ে যে-কোনও সময় অ্যাক্সিস ব্যাঙ্ক এই সুবিধা দেওয়া বন্ধ করে দিতে পারে।

**পরিষেবার নিয়মাবলি**

ইউপিআই-তে ক্রেডিট কার্ড সংক্রান্ত এই নিয়ম ও শর্তগুলির সঙ্গে যুক্ত হবে সেই সব নিয়ম ও শর্তের সঙ্গে যেগুলি বহাল আছে অ্যাক্সিস ব্যাঙ্কের পক্ষ থেকে গ্রাহকদের প্রতি প্রদত্ত যে-কোনও অ্যাকাউন্ট বা অন্যান্য সুবিধার ক্ষেত্রে।

1. এই সুবিধা যে প্রদান করা হবে তা ব্যবহারকারীর অনুরোধে অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ডের অনুমোদন সাপেক্ষ
2. ইউপিআই অ্যাপের সঙ্গে লিঙ্ক করার জন্য গ্রাহকদের সেই রেজিস্টার্ড মোবাইল নম্বর ব্যবহার করতে হবে, যা তাঁরা অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ডের সঙ্গে লিঙ্ক করিয়ে রেখেছেন।
3. অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ডকে সক্রিয় করার জন্য এবং ইউপিআই অ্যাপের মাধ্যমে অর্থ পরিশোধ সংক্রান্ত লেনদেনকে বৈধ প্রমাণ করার জন্য ব্যবহারকারীর পক্ষ থেকে একটি 6 সংখ্যার ইউপিআই পিন সক্রিয় করতে হবে। ইউপিআই লেনদেনকে বৈধ প্রমাণ করার ক্ষেত্রে 4 সংখ্যার ক্রেডিট কার্ড পিন-কে গণ্য করা হবে না
4. ইউপিআই পিন সেট করা হলে ধরে নেওয়া হবে যে, সব ধরনের লেনদেনের জন্য ক্রেডিট কার্ডকে সক্রিয় করার গ্রাহক সম্মতি দিয়েছেন।
5. গ্রাহকরা শুধুমাত্র রুপে নেটওয়ার্কে অনুমোদিত পি2এম লেনদেনই করতে পারবেন
6. আপনার ইউপিআই অ্যাপে যদি আন্তর্জাতিক লেনদেন সক্রিয় করা আছে, তাহলে ইউপিআই লেনদেনে সিসি করতে দেওয়া হবে
7. অ্যাক্সিস ব্যাঙ্ক/আরবিআই যদি পি2পি. পি2পিএম-এ লেনদেন, ডিজিটাল অ্যাকাউন্ট খোলা, লেন্ডিং প্ল্যাটফর্ম, মার্চেন্টে নগদ তোলা, এটিএম-এ নগদ তোলা, ইআরইউপিআই, আইপিও, ফরেন ইনওয়ার্ড রেমিটেন্স, মিউচুয়াল ফান্ড ও অন্যান্য যে-কোনও শ্রেণির লেনদেনকে নিষিদ্ধ করে রাখে, তাহলে সেগুলি করা যাবে না
8. সর্বোপরি, অ্যাক্সিস ব্যাঙ্কের পক্ষ থেকে গ্রাহকের জন্য যে ক্রেডিট কার্ড লিমিট বেঁধে দেওয়া হয়েছে, তা ইউপিআই লেনদেন সীমার ক্ষেত্রেও বহাল থাকবে
9. ক্রেডিট কার্ড লেনদেনে কোনও ফি, অর্থ মাসুল, সারচার্জ বা মার্ক-আপ প্রযোজ্য থাকলে, তা ইউপিআই লেনদেনের সিসি-তেও প্রযোজ্য হবে
10. ইউপিআই লেনদেনে সিসি থেকে নগদ তোলা যাবে না

11. ইউপিআই-এর সিসি-তে কোনও লেনদেন করা হলে, তা আপনার বর্তমান ক্রেডিট কার্ড লিমিট থেকে কেটে নেওয়া হবে।
12. অ্যাক্সিস ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করে বা যে ইউপিআই অ্যাপে লেনদেন করা হয়েছে, তাদের সঙ্গে যোগাযোগ করে চার্জ ব্যাক বা রিফান্ডের কথা জানানো যেতে পারে
13. জ্বালানি সারচার্জ বসানো হলে, নির্বাচিত অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ডের চলতি নিয়ম ও শর্তাবলি অনুযায়ী সেই সারচার্জ মকুব হয়ে যাবে।
14. পুঁজি প্রাপ্তির ক্ষেত্রে এই সুবিধা অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ডকে পূর্ব-নির্বাচিত বিকল্প হিসাবে গ্রহণ করবে না
15. অ্যাক্সিস ব্যাঙ্ক রুপে ক্রেডিট কার্ডের পুনরায় নবীকরণের জন্য, ব্যবহারকারী ফের নিজেকে ইউপিআই অ্যাপে নিবন্ধন করাবেন। এর জন্য ক্রেডিট কার্ডের হালনাগাদ বিবরণ দিতে হবে
16. ডিভাইস বদল হওয়ার ক্ষেত্রে ব্যবহারকারী একই সিম দিয়ে ইউপিআই অ্যাপে ক্রেডিট কার্ডের জন্য নিজেদের ফের নিবন্ধন করাবেন। আগের ডিভাইসে যে অ্যাপ্লিকেশন ইনস্টাল করা হয়েছিল, সেটিতে নিজের নিবন্ধনকে বাতিল করতে হবে।
16. এমসিসি 6513-র মাধ্যমে শনাক্ত হওয়া প্রত্যেক রেন্ট পরিশোধের ক্ষেত্রে প্রত্যেক লেনদেনে সর্বাধিক ভারতীয় টাকা 1500 পর্যন্ত 1% রেন্ট সারচার্জ বসানো হবে ইউপিআই লেনদেন রাশির সিসি-তে।

## চ) ক্রেডিট কার্ডের ব্যবহার

- ক্রেডিট কার্ড জারি করা হয় শুধুমাত্র ব্যক্তিগত খরচ ও উদ্দেশ্যের জন্য। কার্ড-ধারক কোনও জিনিস বিক্রি করার উদ্দেশ্যে কেনার জন্য, কোনও আর্থিক লাভ পাওয়ার জন্য কোনও বাণিজ্যিক বা ব্যবসায়িক উদ্দেশ্যে যেন ক্রেডিট কার্ড ব্যবহার না-করেন। ক্রেডিট কার্ড ব্যবহার করা যাবে শুধুমাত্র আইন সম্মত, প্রকৃত ব্যক্তিগত উদ্দেশ্যে এবং কোনও আর্থিক জালিয়াতির জন্য, সমাজ-বিরোধী বা অনুমান নির্ভর ক্রিয়াকলাপের জন্য ব্যবহার করা যাবে না অথবা ব্যবসায় বাণিজ্যিক সুবিধা পাওয়ার জন্য (যেমন চালু মূলধনের উদ্দেশ্যে) ব্যবহার করা যাবে না।
- যোগদান/বার্ষিক ফি, ফরেক্স মার্ক-আপ, জিএসটি/ভ্যাট, ডিসিস, জ্বালানি সারচার্জ, অর্থ পরিশোধে বিলম্বের জন্য ফি, ডেবিট সুদ, রেন্ট সারচার্জ ফি, চেক বাউন্স ফি ব্যতীত সমস্ত ব্যয়কেই মাইলস্টোন স্পেন্ট বলে গণ্য করা হবে।

• কার্ড সদস্যগণ নিজেদের ক্রেডিট কার্ডে অতিরিক্ত অর্থ পরিশোধ করতে পারবেন না এবং উচ্চ মূল্যের লেনদেনের অর্থ পরিশোধ করার জন্য সেই ক্রেডিট লিমিটকে কৃত্রিম ভাবে বৃদ্ধি করাতে পারবেন না, যা তাঁদের জন্য অনুমোদিত হয়ে আছে। কার্ড সদস্যদের প্রতি পরামর্শ, ক্রেডিট লিমিট বাড়ানোর যদি প্রয়োজন হয়, তাহলে তার জন্য তাঁরা যেন ব্যাঙ্কের দ্বারস্থ হন।

• যদি দেখা যায় যে, ক্রেডিট কার্ড দিয়ে নিষিদ্ধ এমসিসি কোডে লেনদেন হচ্ছে, তাহলে আরবিআই-এর আদেশ অনুযায়ী সেই ক্রেডিট কার্ডকে ব্লক করে দেওয়ার অধিকার ব্যাঙ্কের আছে।

• ব্যাঙ্কের নিয়ামক নির্দেশিকা, নিয়ম ও শর্তাবলি, ও প্রযোজ্য নীতিসমূহ অনুযায়ী ক্রেডিট কার্ড ব্যবহৃত হচ্ছে কি না সেই ব্যাপারে নিশ্চিত হওয়ার জন্য ব্যাঙ্ক মাঝে-মধ্যে যাচাই করে দেখতে পারে। সেই অধিকার তাদের আছে। তারা এসব শনাক্ত করার জন্য তা করতে পারে যে, কোনও এক স্টেটমেন্ট সাইকেলে অনুমোদিত লিমিটের উপর ক্রেডিট লিমিটকে অতিরিক্ত মাত্রায় ব্যবহার করা হয়েছে কি না, নির্দিষ্ট কিছু মার্চেন্টে অস্বাভাবিক বা অতিরিক্ত মাত্রায় ক্রেডিট কার্ড ব্যবহার করা হয়েছে কি না, অন্য ক্রেডিট কার্ড/লোনের অর্থ পরিশোধের জন্য ব্যবহার করা হয়েছে কিনা, ক্রেডিট কার্ড থেকে সেভিংস অ্যাকাউন্টে টাকা রাখা হয়েছে কি না, মার্চেন্টের সঙ্গে কোনও যোগসাজশ হয়েছে কি না এবং/অথবা অ-ব্যক্তিগত/ব্যবসা সংক্রান্ত প্রয়োজন পূরণের জন্য ব্যবহার করা হয়েছে কি না, অন্যায্য ভাবে রিওয়ার্ড পয়েন্ট/ক্যাশ ব্যাক/অন্যান্য সুবিধা ইত্যাদি জমা করার জন্য কোনও ফিচার/অফার/প্রোগ্রামকে অতিমাত্রায় ব্যবহার/অপব্যবহার করা হয়েছে কি না। এ সব অবস্থায় অ্যাক্সিস ব্যাঙ্ক নিজের একক বিবেচনায় সংশ্লিষ্ট ক্রেডিট কার্ড ও তার সঙ্গে থাকা অতিরিক্ত/অ্যাড-অন কার্ডগুলিকে বাতিল করে দেওয়ার এবং গ্রাহক স্তরে যেসব ক্যাশ-ব্যাক/রিওয়ার্ড পয়েন্ট অর্জিত হয়েছিল সেগুলিকেও প্রতিহত/বাতিল করে দেওয়ার অধিকার সাব্যস্ত করতে পারে, কার্ড-ধারককে অবগত না-করেই। অ্যাক্সিস ব্যাঙ্ক আপনাকে ফোন করে বা অন্যান্য কোনও যোগাযোগের প্রচলিত মাধ্যমের সাহায্যে আপনার সঙ্গে যোগাযোগ করে জিজ্ঞাসাবাদ করতে পারে এবং ক্রেডিট কার্ড লেনদেন, তা ব্যবহারের ধরন সম্পর্কে বিবরণ, তথ্য, প্রমাণ ইত্যাদিও চাইতে পারে। কার্ড-ধারকের কাছ থেকে কোনও সন্তোষজনক উত্তর পাওয়া না-গেলে বা কোনও উত্তরই পাওয়া না-গেলে অ্যাক্সিস ব্যাঙ্ক তাঁর কার্ড ব্লক/বন্ধ করে দিতে পারে।

• প্রধান কার্ড-ধারকের দ্বারা বা ব্যাঙ্কের দ্বারা যদি কোনও কার্ড-ধারকের অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডকে যদি কোনও কারণে যে-কোনও সময় সমাপ্ত করে দেওয়া হয়, তাহলে অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ঐচ্ছিক ভাবে বা অনৈচ্ছিক ভাবে বাতিল হওয়ার পর অবিলম্বে কার্ড-ধারক রিওয়ার্ড/ক্যাশ-ব্যাক অর্জনের সমস্ত যোগ্যতা হারিয়ে ফেলবেন এবং সেই সময় পর্যন্ত তাঁর যেসব রিওয়ার্ড/ক্যাশ-ব্যাক অব্যবহৃত হয়ে জমা পড়ে থাকবে, সেগুলিও সঙ্গে-সঙ্গে বাজেয়াপ্ত হয়ে যাবে।

• ব্যাঙ্ক যদি নিয়ম ও শর্তাবলি লঙ্ঘন হওয়ার দরুন অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড সমাপ্ত করে থাকে, তাহলে সেই ক্ষেত্রে কার্ড-ধারকের নামে এনওসি জারি করা যাবে না।

• যে-তারিখে কার্ড প্রত্যাহার বা বাতিল করা হচ্ছে অথবা তা বাতিল হতে চলেছে সেই তারিখে অথবা কার্ড সদস্যের অ্যাকাউন্ট কোনও অনৈতিক অ্যাকাউন্ট হয়ে থাকলে, রিওয়ার্ড পয়েন্টগুলিকে কনভার্ট করে জমা করা যাবে না বা সেগুলিকে রিডিম করা যাবে না।

• ব্যাঙ্ক যে-কোনও সময় আগাম বিজ্ঞপ্তি না-দিয়ে, বা যে-কারণই থাকুক না-কেন, তা উল্লেখ না-করে মার্চেন্ট প্রতিষ্ঠানে মাসুল অনুমোদনকে প্রত্যাখ্যান করতে পারে, এবং/অথবা কার্ড ব্যবহারের ক্ষেত্রে কার্ড সদস্যের সামর্থ্যকে নিষিদ্ধ বা স্থগিত করতে পারে এবং/অথবা কার্ডটিকে মুলতবি বা বাতিল করতে পারে। ব্যাঙ্ক যদি যুক্তিসঙ্গত ভাবে মনে করে যে, ক্রেডিটকে বা ব্যবসার ঝুঁকিকে সঠিক ভাবে সামলানোর জন্য, অথবা কার্ড বা কার্ড অ্যাকাউন্টকে অপব্যবহার করা হচ্ছে বা তার অপব্যবহৃত হওয়ার আশঙ্কা আছে, তখন ব্যাঙ্ক এটিএম, মার্চেন্ট প্রতিষ্ঠানের মাধ্যমে, নিজেই সেই কার্ডকে নিজের দখলে নিতে পারে/আটক করতে পারে।

• ব্যাঙ্ক নিজের একক বিবেচনায় কার্ডকে মুলতবি/প্রত্যাহার করতে পারে, এবং তার জন্য ব্যাঙ্ক কোনও ভাবেই আপনার কাছে দায়বদ্ধ থাকবে না। এই কার্ড ও কার্ড-সদস্য সংক্রান্ত এই চুক্তি সমাপ্ত হওয়ার ফলে সেগুলির সঙ্গে যুক্ত সমস্ত বিশেষ অধিকার, সুযোগ ও সুবিধাও নিজে-নিজে সমাপ্ত হয়ে যাবে।

**ছ) অর্থ পরিশোধের পদ্ধতি ও সেই প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময় (টিএটি)**

নিম্নলিখিত যে-কোনও উপায়ে কার্ড অ্যাকাউন্টের অর্থ পরিশোধ করা যেতে পারে:

1. **নগদ*:** কার্ডের অর্থ পরিশোধ করার জন্য কার্ড-ধারক অ্যাক্সিস ব্যাঙ্কের যে-কোনও শাখায় নগদ অর্থ জমা করতে পারেন। এই অর্থ পরিশোধ করলে শাখাগুলি পরিশোধ সংক্রান্ত প্রত্যেক লেনদেন বাবদ 100 টাকা ফি নিয়ে থাকে।
   নগদ জমা করলে অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হয়- একই দিনে।

2. **চেক/ড্রাফ্ট*:** "অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড নম্বর XXXXXXXXXXXXXXXX"-এর নামে একটি চেক বা ড্রাফ্ট কেটে সেটি এমআইএনসি-র কালেকশন বক্সে/ স্কাইফিন বাক্সে ফেলে দিন অথবা অ্যাক্সিস ব্যাঙ্কের কোনও শাখার কাউন্টারে জমা করে দিন। আউটস্টেশন চেক/ড্রাফ্ট অর্থাৎ, নির্দিষ্ট শহর (ব্যাঙ্ক মাঝে-মধ্যে এই রকম নির্দিষ্ট শহর নির্ধারণ করে থাকে, সেই সব শহরের তালিকা চাওয়া হলে পাওয়া যায়) ব্যতীত অন্য শহরে যেসব চেক/ড্রাফ্ট প্রদেয় হয়, সেগুলির ক্ষেত্রে প্রসেসিং ফি দিতে হয়।
   অ্যাক্সিস ব্যাঙ্কের চেক জমা করলে অর্থ পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন হয়- 1টি কর্ম-দিবসে। অ্যাক্সিস ব্যাঙ্কের চেক জমা করলে অর্থ পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন হয়- চেক আদায় হওয়ার ভিত্তিতে 3-5 কর্ম-দিবসে (আউটস্টেশন চেক ক্লিয়ারেন্স হতে অতিরিক্ত একদিন লাগে। অনুগ্রহ করে শাখার কাছ থেকে জেনে নিন)।

   *ক্রেডিট কার্ডের অর্থ পরিশোধের শেষ তারিখ যদি মাসের দ্বিতীয় ও চতুর্থ শনিবারে বা কোনও রবিবারে পড়ে, তাহলে ব্যাঙ্কের শাখাগুলিতে চেক/নগদ অর্থ জমা করা যাবে না, কারণ ওই দিনগুলিতে শাখাগুলি বন্ধ থাকে।

3. **লিঙ্ক করে রাখা অ্যাক্সিস ব্যাঙ্ক সেভিংসঅ্যাকাউন্টের মাধ্যমে ইন্টারনেট পেমেন্ট:** অ্যাক্সিস ব্যাঙ্ক ওয়েবসাইটের মাধ্যমে কার্ড-ধারক অনলাইন পেমেন্ট করতে পারেন। এর জন্য শুধু www.axisbank.com-এ লগ ইন করতে হবে। অর্থ পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন হবে- 1টি কর্ম-দিবসে।

4. **অটো-ডেবিট:** কার্ড-ধারক সেভিংসঅ্যাকাউন্টের মাধ্যমে সরাসরি অর্থ পরিশোধ করতে পারেন লিখিত ভাবে এই নির্দেশ দিয়ে যে, প্রত্যেক মাসে অর্থ পরিশোধের শেষ দিন তাঁর সেই অ্যাকাউন্ট থেকে যেন টাকা কেটে নেওয়া হয়। অর্থ পরিশোধের শেষ তারিখ যদি রবিবারে পড়ে, তাহলে তাঁর সেই অ্যাকাউন্ট থেকে পরবর্তী কর্ম-দিবসে টাকা কাটা হবে। অর্থ পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন হবে- 1টি কর্ম-দিবসে।

5. **ক্লিক টু পে// এনইএফটি / ভিএমটি:** আপনি নিজের অন্য যে-কোনও ব্যাঙ্কের সেভিংসঅ্যাকাউন্ট থেকে ক্লিক টু পে/এনইএফটি / ভিএমটি ব্যবহার করে আপনার অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের বকেয়া মেটাতে পারবেন।
   ক্লিক টু পে-র ক্ষেত্রে অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময়- 3টি কর্ম-দিবস।
   এনইএফটি-র মাধ্যমে অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময়- 1টি কর্ম-দিবস।
   ভিএমটি-র মাধ্যমে অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময়- 2টি কর্ম-দিবস।

6. **এটিএম-এর মাধ্যমে অর্থ পরিশোধ:** অ্যাক্সিস ব্যাঙ্কের যে-কোনওএটিএম-এ আপনার অ্যাক্সিস ব্যাঙ্ক ডেবিট কার্ড ব্যবহার করে আপনার অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের অর্থ পরিশোধ করতে পারতে পারবেন। অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময়- 1টি কর্ম-দিবস।

7. **আইএমপিএসক্রেডিট কার্ড পেমেন্ট:** আইএমপিএস-এর সাহায্যে যে-কোনও ব্যাঙ্কের মোবাইল অ্যাপ থেকে প্রকৃত সময়ের মধ্যেই কার্ড-ধারকগণ যে-কোনও অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের অর্থ পরিশোধ করতে পারবেন। অর্থ পরিশোধ করার জন্য

   আপনার মোবাইল অ্যাপে একাধিক অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট নিবন্ধন করা যাবে। এই সুবিধা ব্যবহার করে যে কেউ (সহকর্মী/বন্ধু/স্বামী বা স্ত্রী) যে কারও ক্রেডিট কার্ডের জন্য অর্থ পরিশোধ করতে পারবেন।

   অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সময়- 2টি কর্ম-দিবস।

8. **তৃতীয় পক্ষের ব্যবস্থার মাধ্যমে অর্থ পরিশোধ:** কার্ড-ধারকদের প্রতি অ্যাক্সিস ব্যাঙ্কের পরামর্শ এই যে, তাঁরা যেন উল্লিখিত পদ্ধতিগুলির মাধ্যমেই নিজেদের ক্রেডিট কার্ডের অর্থ পরিশোধ করেন। অন্য কোনও ব্যবস্থার মাধ্যমে, সেই সঙ্গে অ্যাক্সিস ব্যাঙ্কের অধিভুক্ত নয় এমন তৃতীয় পক্ষের অ্যাপের মাধ্যমে কোনও ক্রেডিট কার্ডের অর্থ পরিশোধ করলে, অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হতে অনেক বেশি সময় লেগে যেতে পারে। এদিকে, অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে অ্যাক্সিস ব্যাঙ্ক যদি টাকা না-পায়, তাহলে কার্ডের প্রকারের উপর প্রযোজ্য নিয়ম অনুসারে

জরিমানা বাবদ মাসুল বসে যেতে পারে। অনধিভুক্ত ব্যবস্থার মাধ্যমে কার্ডের অর্থ পরিশোধ করার ফলে তা পরিশোধ হতে বিলম্ব হলে/পরিশোধের প্রতিফলন দেখা পাওয়া না-গেলে যদি মনে কোনও প্রশ্ন জাগে, তাহলে গ্রাহক সরাসরি সেই সংশ্লিষ্ট ব্যবস্থার দ্বারস্থ হতে পারেন।

9. **অনাবাসী ক্রেডিট কার্ড-ধারকদের জন্য অর্থ পরিশোধ ব্যবস্থা:** এই ব্যাঙ্ক তাদের অনাবাসী ক্রেডিট কার্ড-ধারকদের আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের সুবিধা প্রদান করে এবং বলে যে এমন ক্রেডিট কার্ডের অর্থ পরিশোধ করার জন্য যেন অ্যাক্সিস ব্যাঙ্কএনআরইঅ্যাকাউন্ট ব্যবহার করা হয়। অনাবাসী ক্রেডিট কার্ড-ধারকদের ক্ষেত্রে অ্যাক্সিস ব্যাঙ্কএনআরইঅ্যাকাউন্ট থেকে অটো-ডেবিট সুবিধা গ্রহণ করা বাধ্যতামূলক। অ্যাক্সিস ব্যাঙ্কএনআরওঅ্যাকাউন্ট থেকে অর্থ পরিশোধ করতে হলে, আপনি যখনইএনআরওঅ্যাকাউন্ট থেকে অর্থ পরিশোধ করতে চাইবেন, তখনই ফর্ম15সিএ/সিবি সহ কিছু নথিপত্র এবং একটিএনআরও ব্যাঙ্ক অ্যাকাউন্ট চেক দিতে হবে। আবশ্যিক নথিপত্র জমা না-দিয়েএনআরই ব্যতীত অন্য কোনও উৎস থেকে অর্থ পরিশোধ করা হলে, ব্যাঙ্ক যদি প্রতিষ্ঠিত করতে পারে যে,এনআরই ব্যতীত অন্য কোনও উৎস থেকে অর্থ পরিশোধ করা হয়েছে অথবা যথাযথ কারণে ব্যাঙ্কের মনে হয় যে,এনআরই ব্যতীত অন্য কোনও উৎস থেকে অর্থ পরিশোধ করা হয়েছে, তাহলে ব্যাঙ্ক সেই কার্ডকে আন্তর্জাতিক ভাবে ব্যবহার করার সুবিধা নিষ্ক্রিয় করে দিতে পারে। সেই অধিকার তাদের আছে। এই সুবিধা তারা তত দিন পর্যন্ত নিষ্ক্রিয় করে রাখতে পারবে, যত দিন না আবশ্যিকনথিপত্রগুলি জমা করা হচ্ছে। নির্দিষ্ট সময়ের মধ্যে আবশ্যিক নথিপত্র জমা করা না-হলে, গ্রাহককে ব্যাঙ্ককে এই নির্দেশ দিতে পারে যে, গ্রাহক যেন কম্পাউন্ডিং-এর জন্য আবেদন জানান। এই বিষয়টি উল্লেখ করা আছে "মাস্টার ডিরেকশন- কম্পাউন্ডিং অন কনট্রাভেনশনআন্ডারফেমা,1999"(ফেডমাস্টার ডিরেকশননং. 4/2015-16, তারিখ 01 জানুয়ারি, 2016 এবং হালনাগাদ করা হয়েছে 04 জানুয়ারি, 2021 তারিখে)। কম্পাউন্ডিং সম্পর্কে বিশদ ভাবে জানতে আপনি নীচে দেওয়া লিঙ্ক খুলে দেখে নিতে পারেন। https://m.rbi.org.in/SCRIPTs/FAQView.aspx?Id=80.

## জ) কার্ড সদস্যতা সমাপ্তি/সমর্পণ/রদ

কার্ড সদস্য আগাম বিজ্ঞপ্তি দিয়ে বা না-দিয়ে কার্ড অ্যাকাউন্ট সমাপ্ত/সমর্পণ করতে পারেন। কার্ডের যাতে অপব্যবহার না-হয়, তাই পরামর্শ এই যে, ক্রেডিট কার্ডটিকে চার টুকরো করে যাতে ভেঙে দেওয়া হয়, এবং দেখতে হবে হলোগ্রাম ও ম্যাগনেটিক স্ট্রিপ যেন পুরোপুরি নষ্ট হয়ে গিয়ে থাকে। কার্ড-ধারক যে-কোনও সময় গ্রাহক পরিষেবার ই-মেল আইডি-তে চিঠি পাঠিয়ে বা গ্রাহক পরিষেবার কাছে ফোন করে নিজের কার্ড সমাপ্ত করে দিতে পারেন। চিঠিতে কার্ডের নম্বরটি পুরো উল্লেখ করতে হবে। উক্ত কার্ড অ্যাকাউন্ট সমাপ্ত হবে তখন-ই, যখন সেই অ্যাকাউন্টের সমস্ত বকেয়া ও অনাদায়ী রাশি মেটানো হয়ে যাবে, এবং সেগুলি পরিশোধ হওয়ার অর্থ অ্যাক্সিস ব্যাঙ্কের কাছে এসে পৌঁছবে। কোনও ক্রেডিট কার্ড প্রোগ্রাম বন্ধ করা হলে অথবা কোনও ক্রেডিট কার্ডকে পুনরায় নবীকরণ করার সময় অ্যাক্সিস ব্যাঙ্ক নিজের অধিকার প্রয়োগ করে একক বিবেচনায় কার্ড-ধারককে এমন এক প্রকারের কার্ড দেবে যা বর্তমান প্রকারের কার্ডের চেয়ে আলাদা। যে-কোনও সময় কোনও ক্রেডিট কার্ডের ক্রেডিট লিমিট ও নগদ সীমা কত হবে, তা অ্যাক্সিস ব্যাঙ্কের একক বিবেচনার বিষয়। কার্ড বন্ধ/পুনরায় নবীকরণের সময় প্রদত্ত যে-কোনও রিপ্লেসমেন্ট কার্ডের ক্ষেত্রে কার্ড অ্যাপ্লিকেশনেরবৈধতা অব্যাহত থাকবে।

যদি কোনও ক্রেডিট কার্ড এক বছরের বেশি সময় ধরে ব্যবহার করা না-হয়, তাহলে ব্যাঙ্কও তা বন্ধ করে দেওয়ার প্রক্রিয়া শুরু করবে। সে ক্ষেত্রে, ব্যাঙ্কের পক্ষ থেকে গ্রাহককে জানানো হবে এবং তা জানানোর অবগতি পত্রে উল্লিখিত সময়সীমার মধ্যে কোনও জবাব পাওয়া না-গেলে ব্যাঙ্ক সেই কার্ড অ্যাকাউন্ট বন্ধ করে দেবে, যদি দেখা যায় যে, কার্ড-ধারক সমস্ত বকেয়া মিটিয়ে রেখেছেন।

কার্ড বন্ধ করার সময় যদি দেখা যায় যে, কার্ড-ধারকের নামে ঋণাত্মক রিওয়ার্ড পয়েন্ট ব্যালেন্স থাকলে, তখন সেই ঋণাত্মক রিওয়ার্ড পয়েন্টের সমতুল্যভ্যালুকেস্টেটমেন্টডেবিটে রূপান্তরিত করা হবে এবং কার্ড-ধারকের পক্ষ থেকে সেগুলি ও সেই সঙ্গে অন্যান্য বকেয়া পরিশোধ করতে হবে। ওই কার্ড অ্যাকাউন্টে অনাদায়ী সমস্ত রাশি পরিশোধ হওয়ার পর কার্ডের সমাপ্তি কার্যকর হবে। আনুপাতিক হারে কোনও বার্ষিক, যোগদান বা পুনরায় নবীকরণফি ফেরত দেওয়া হবে না।

যেমন- কার্ড বন্ধ করার সময় ঋণাত্মক রিয়াওর্ড পয়েন্ট ব্যালেন্স: -1000

কার্ড বন্ধ হলে, -1000 ঋণাত্মক রিওয়ার্ড পয়েন্ট ব্যালেন্স 200 টাকার স্টেটমেন্টডেবিটে রূপান্তরিত হবে। অর্থাৎ, 1000 ঋণাত্মক রিওয়ার্ড পয়েন্ট Xরিওয়ার্ড পয়েন্ট প্রতি 0.20 টাকা (বিভিন্ন প্রকারের কার্ড অনুযায়ী এই রূপান্তর মূল্যে তারতম্য হতে পারে)। কার্ড-ধারকের অ্যাকাউন্টে এই রাশি যুক্ত হবে এবং কার্ড-ধারকের পক্ষ থেকে ওই রাশি সহ অন্যান্য বকেয়া পরিশোধ করতে হবে।

## ঝ) কার্ড হারিয়ে যাওয়া/চুরি হওয়া/অপব্যবহার হওয়া

কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে, কেউ আপনার পিন বা অন্য কোনও সুরক্ষা তথ্য জেনে গেলে বা আপনার অনুমতি ছাড়াই ওই কার্ড অপব্যবহৃত হলে, সঙ্গে-সঙ্গে ব্যাঙ্কে ফোন করে জানাবেন।
অবিলম্বে নিকটতম থানায় পুলিশি অভিযোগ/প্রাথমিক তথ্য বিবরণী (এফআইআর) দায়ের করতে হবে। তার একটি প্রতিলিপি অবশ্যই ব্যাঙ্কে জমা করতে হবে। কার্ডের অপব্যবহার হলে ব্যাঙ্কের দায়বদ্ধতা সেই রাশির মধ্যেই সীমিত থাকবে, যার উল্লেখ কার্ড হারিয়ে যাওয়া সংক্রান্ত দায়বদ্ধতা অংশে আছে, এই দায়বদ্ধতা পলিসির নিয়ম ও শর্তাবলি পূরণ সাপেক্ষ।এটিএম-এ বা পিন/পাসওয়ার্ড/ওটিপি/এমপিন/সিভিভিভিত্তিক লেনদেনে কার্ড কোনও ভাবে অপব্যবহৃত হলে তার জন্য একমাত্র দায়ী থাকবেন কার্ড-ধারক।

## ঞ) পিন সুরক্ষিত রাখা সম্পর্কিত কথা

কার্ড-ধারকের নামে যে ব্যক্তিগত শনাক্তকরণ সংখ্যা (পিন) জারি করা হয়, তা দিয়েই কার্ড ব্যবহার করতে হয় অথবা কার্ড-ধারক নিজেও পিন হিসাবে কোনও সংখ্যা বেছে নিতে পারেন। এই পিন-এর কথা শুধু যেন কার্ড-ধারকই জানেন। কার্ড-ধারক এটিকে ব্যক্তিগত ভাবেই ব্যবহার করতে পারেন, এটি অন্যকে দেওয়া যায় না এবং এটিকে অত্যন্ত গোপন করে রাখতে হয়। এই পিন এমন কোনও রূপে, স্থানে বা পন্থায় লিখে রাখা যাবে না, যাতে কোনও তৃতীয় পক্ষ সহজেই তা ব্যবহার করে নিতে পারে। স্বেচ্ছায় হোক বা অন্যথা, কোনও অবস্থাতেই বা কোনও ভাবেই এই পিন কোনও তৃতীয় পক্ষকে, তা সে ব্যাঙ্কের কর্মীই হোন বা কোনও মার্চেন্ট প্রতিষ্ঠানই হোক, জানানো যাবে না। কার্ড-ধারক ব্যতীত কার্ড-ধারকের পিন অন্য

কারও কাছে জারি করার প্রয়োজন হলে ব্যাঙ্ক অত্যন্ত সাবধানতা অবলম্বন করবে।

**কার্ড-ধারকদের জন্য বিমার সুবিধা**

কার্ডের প্রকারের ভিত্তিতে নিম্নলিখিত বিমা প্রযোজ্য হবে। প্রযোজ্য বিমার সুবিধা সম্পর্কে জানতে অনুগ্রহ করে স্বাগতম পুস্তিকা পড়ে নিন।

**বিমান দুর্ঘটনা বিমা:** যদি কোনও বিমান দুর্ঘটনার আগে অন্তত 90 দিনের মধ্যে কোনও মার্চেন্ট প্রতিষ্ঠান বা কোনওএটিএম-এ অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ব্যবহার করা হয় এবং সেই বিমানের টিকিট যদি অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড দিয়ে কেনা হয়, তবেই সেই বিমান দুর্ঘটনার ক্ষেত্রে বিমা প্রযোজ্য হবে। অ্যাক্সিস ব্যাঙ্ককে প্রদেয় সমস্ত বকেয়া যদি মেটানো না-থাকে, তাহলে কার্ড-ধারকের নমিনি এই বিমান দুর্ঘটনা বিমা পলিসি থেকে কোনও অর্থ পাবেন না। অনাদায়ী রাশিকে ঠিকঠাক করে নেওয়ার জন্য বিমার উপর প্রথম দায়িত্ব/পূর্বস্বত্ব থাকবে অ্যাক্সিস ব্যাঙ্কের কাছে।
**দ্রষ্টব্য:বিমান দুর্ঘটনা বিমা বন্ধ হয়ে গেছে 31 অক্টোবর 2022 থেকে।**

**কার্ড হারিয়ে গেলে ঋণদায় থেকে মুক্তি:** কেউ প্রতারণা করে কোনও লেনদেন করলে তার বিরুদ্ধে সুরক্ষার ব্যবস্থা আছে। কার্ড হারিয়ে যাওয়ার পর অ্যাক্সিস ব্যাঙ্ককে কার্ড-ধারক সে-কথা যেদিন জানাবেন, তার আগের 30 দিনের জন্য উক্ত সুবিধা পাওয়া যাবে। এই বিমার সুবিধা শুধুমাত্র প্রতারণামূলক অর্থ পরিশোধের ক্ষেত্রে বৈধ এবং এই সুবিধা পাওয়ার জন্য বাধ্যতামূলক ভাবে একটি FIR করতে হবে।এটিএম ও পিন/পাসওয়ার্ড/ওটিপি/এমপিন/সিভিভিভিত্তিক লেনদেনের ক্ষেত্রে এই বিমার সুবিধা পাওয়া যাবে না।

**ক্রয় সামগ্রীর ক্ষেত্রে বিমা সুরক্ষা:** ক্রেডিট কার্ডে কোনও কিছু কেনার পর 90 দিনের মধ্যে সেই জিনিসগুলি অগ্নিকাণ্ডের কবলে পড়লে বা সেগুলি চুরি হয়ে গেলে বিমা সুরক্ষা পাওয়া যাবে। এর জন্য অতি অবশ্যই একটিএফআইআর করতে হবে। শুধুমাত্র গ্রাহকের অবহেলার জন্য ওই জিনিসগুলির ক্ষতিসাধন হলে, তার জন্য বিমার সুবিধা পাওয়া যাবে না। অলঙ্কার ও অন্যান্য পচনশীল সামগ্রীর ক্ষেত্রেও এই সুবিধা পাওয়া যাবে না।

**সামগ্রীর দামে বিমা সুরক্ষা:** অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে যে-দাম চুকিয়ে জিনিস কেনা হয়েছে, সেই একই জিনিস (একই ব্র্যান্ড, কোম্পানি, মডেল নাম ও/বা সংখ্যা) তার চেয়ে কম দামে পাওয়া যাচ্ছে বলে যদি বিজ্ঞাপন বের হয়। সেই ক্ষেত্রে, যতটা বেশি দাম দিয়ে জিনিস কেনা হয়েছিল, সেই পরিমাণ অর্থ ফেরত পাওয়া যাবে। এই সুবিধা পাওয়া যাবে যে-কোনও সামগ্রীর ক্ষেত্রে, যদি তা অ্যামাজন, ফ্লিপকার্ট বা কেনাকাটার নামী কোনও অনলাইন সাইট থেকে কেনা হয়। যে-জিনিসটি কেনা হয়েছে, তার দাম ভারতীয় টাকা 2500-এর বেশি হতে হবে। এবার তা যত কম দামে পাওয়া যাচ্ছে, সেই একই দাম একই ই-কমার্স কোম্পানিতে থাকতে হবে। গ্রাহক সেই জিনিসটি কেনার 3 দিনের মধ্যে তার মুদ্রিত বিজ্ঞাপন প্রকাশিত হতে হবে যে, ওই জিনিসটি গ্রাহকের কেনা দামের চেয়ে কম দামে পাওয়া যাচ্ছে, এবং সেই ক্ষেত্রে বিমার সুবিধা পাওয়ার দাবি জানাতে হবে ওই বিজ্ঞাপন প্রকাশের 7 দিনের মধ্যে। (এই সুবিধার অধীনে কোন-কোন পণ্য অন্তর্ভুক্ত আছে তা জানতে ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন)

**ক্রেডিট শিল্ড:** দুর্ঘটনায় মৃত্যু হলে কার্ডে একটি নির্দিষ্ট অনাদায়ী রাশি পর্যন্ত এই বিমার সুবিধা পাওয়া যাবে।

**চেক-ইন ব্যাগেজপৌঁছনোয় বিলম্ব:** বিদেশে সফর করার সময় ব্যাগেজ যদি পৌঁছতে 6 ঘণ্টার বেশি সময় লেগে যায়, তাহলে ওই ব্যাগেজে থাকা মৌলিক চাহিদা সংক্রান্ত প্রয়োজনীয় সামগ্রীর দাম ফেরত পাওয়া যাবে। ওই বিমানের টিকিট অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে কাটলে পরেই উক্ত সুবিধা পাওয়া যাবে। চেক-ইন হওয়া ব্যাগেজ মানে হল সেই ব্যাগেজ যা বিমার আওতা-ভুক্ত ব্যক্তি কোনও ব্যাগেজ আন্তর্জাতিক বিমান সংস্থা/ভারতের বাইরের বিমান সংস্থার হাতে তুলে দিয়েছেন, এবং তারাও তা গ্রহণ করেছে, যাতে সেই ব্যাগেজটিকে সেই একই পরিবহন ব্যবস্থার মাধ্যমে পাঠিয়ে দেওয়া হয়, যে পরিবহন ব্যবস্থা ব্যবহার করে বিমার আওতা-ভুক্ত ব্যক্তি যাচ্ছেন, এবং আন্তর্জাতিক বিমান সংস্থা/ভারতের বাইরের বিমান সংস্থা সেই ব্যাগেজ নিয়ে একটি রসিদ দিয়েছে।

**চেক-ইন ব্যাগেজ হারিয়ে যাওয়া:** বিদেশে সফর করার ক্ষেত্রে ব্যাগেজ হারিয়ে গেলে বা ব্যাগেজের ক্ষতিসাধন হলে বিমার সুবিধা পাওয়া যায়। অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে ওই বিমানের টিকিট কাটলে পরেই এই সুবিধা পাওয়া যাবে। চেক-ইন হওয়া ব্যাগেজ মানে হল সেই ব্যাগেজ যা বিমার আওতা-ভুক্ত ব্যক্তি কোনও ব্যাগেজ আন্তর্জাতিক বিমান সংস্থা/ভারতের বাইরের বিমান সংস্থার হাতে তুলে দিয়েছেন, এবং তারাও তা গ্রহণ করেছে, যাতে সেই ব্যাগেজটিকে সেই একই পরিবহন ব্যবস্থার মাধ্যমে পাঠিয়ে

দেওয়া হয়, যে পরিবহন ব্যবস্থা ব্যবহার করে বিমার আওতা-ভুক্ত ব্যক্তি যাচ্ছেন, এবং আন্তর্জাতিক বিমান সংস্থা/ভারতের বাইরের বিমান সংস্থা সেই ব্যাগেজ নিয়ে একটি রসিদ দিয়েছে।

**সফর সংক্রান্ত নথিপত্র হারিয়ে যাওয়া:** বিদেশে সফর করার সময় পাসপোর্ট/সফর সংক্রান্ত অন্যান্য নথিপত্র হারিয়ে গেলে, সেই পাসপোর্ট ও নথিপত্র করানোর জন্য এবং সেগুলির জন্য আবেদন করার সময় যে-অর্থ ব্যয় হয়েছিল, তা ফেরত পাওয়া যাবে। অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে ওই বিমানের টিকিট কাটলে পরেই এই সুবিধা পাওয়া যাবে।

**ট) খেলাপ**

1) খেলাপ হলেঅর্থাৎ, অর্থ পরিশোধের শেষ তারিখের মধ্যে ন্যূনতম বকেয়া রাশি পরিশোধ না-হলে অথবা কার্ড সদস্যতা চুক্তির কোনও দফা লঙ্ঘন করা হলে, মাঝে-মধ্যেই কার্ড-ধারককে সেই কথা মনে করিয়ে দেওয়া হবে তাঁর কাছে ডাকে চিঠি, ফ্যাক্স পাঠিয়ে, তাঁকে ফোন করে, তাঁর কাছে ই-মেল পাঠিয়ে,এসএমএসমেসেজিংপাঠিয়ে ও/বা বকেয়া সংগ্রহের জন্য নিযুক্ত তৃতীয় পক্ষের মাধ্যমে। এ কাজে নিযুক্ত তৃতীয় পক্ষ দেনা আদায় সংক্রান্ত ইন্ডিয়ান ব্যাঙ্ক অ্যাসোসিয়েশন (আইবিএ)-এর বিধি মেনে চলবে।

2) অর্থ পরিশোধের শেষ তারিখের পর আরও 3 দিন সময় দেওয়া হবে কার্ড-ধারককে, যাতে অর্থ পরিশোধে বেশি বিলম্ব না-হয়। অর্থ পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন হওয়ার কথা মাথায় রেখেই এই সুবিধা দেওয়া হয়। তবে গ্রাহক যাতে ক্রেডিট কার্ড স্টেটমেন্টে উল্লিখিত অর্থ পরিশোধের শেষ তারিখেই নিজের বকেয়া মিটিয়ে দেন।

3) কোনও ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট 3 দিনের বেশি সময় ধরে 'পাস্টডিউ' (অর্থ পরিশোধের শেষ তারিখ পার হয়ে গেছে) হয়ে পড়ে থাকলে, ক্রেডিট ইনফরমেশন কোম্পানি (সিআইসি)-গুলিকে ব্যাঙ্ক জানিয়ে দেবে যে, ওই ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট'পাস্টডিউ' হয়ে আছে এবং অর্থ পরিশোধে বিলম্ব বাবদ একটি লেভিও চাপিয়ে দেবে। কত দিন ধরে 'পাস্টডিউ' হয়ে আছে এবং অর্থ পরিশোধে বিলম্ব বাবদ কত মাসুল কাটা হবে, তার হিসাব করা হবে ক্রেডিট কার্ড স্টেটমেন্ট উল্লিখিত অর্থ পরিশোধের শেষ তারিখ থেকে।

4) কার্ড-ধারক যদি খেলাপ করেন, তাহলে ব্যাঙ্ক নিজের বিবেচনায় এই অধিকারগুলি সাব্যস্ত করতে পারে:

ক) কার্ড-ধারকের সমস্ত ক্রেডিট কার্ড সুবিধা প্রত্যাহার করে নেবে।

খ) কার্ড-ধারককে বলবে যে, তিনি যেন তাঁর কার্ডের সমস্ত অনাদায়ী রাশি সত্বর পরিশোধ করে দেন।

গ) ব্যাঙ্ক নিজের পূর্বস্বত্বের অধিকার প্রয়োগ করবে এবং কার্ড-ধারকের কোনও টাকা/আমানত/অ্যাকাউন্ট থাকলে সেখান থেকে অনাদায়ী রাশির হিসাব মিলিয়ে নেবে।

5) খেলাপ হলে ব্যাঙ্ক সেই খেলাপ সংক্রান্ত খবর ক্রেডিট ইনফরমেশন ব্যুরোগুলির কাছে বা আইন অনুমোদিত অনুরূপ অন্যান্য সংস্থার কাছে পাঠিয়ে দেবে। ব্যাঙ্ক কোনও কার্ড-ধারককে যে খেলাপি বলে ঘোষণা করবে, তার জানান দেওয়ার সময় হল অর্থ পরিশোধের শেষ তারিখ ও বিলিংস্টেটমেন্টে উল্লিখিত বিলিং-এর তারিখের মধ্যবর্তী সময়।

6) খেলাপ সংক্রান্ত প্রতিবেদন প্রত্যাহারের পদ্ধতি এবং বকেয়া নিষ্পত্তির পর খেলাপ সংক্রান্ত প্রতিবেদন প্রত্যাহারের সময়সীমা:

*সিবিল- ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (ভারত) লিমিটেড অনুমোদিত রীতিতে প্রত্যেক মাসে সিবিল-এর কাছে কার্ড-ধারক সংক্রান্ত তথ্য জমা করে ব্যাঙ্ক। এই তথ্যে অন্তর্ভুক্ত থাকে সমস্ত কার্ড-ধারকের, খেলাপি ও বর্তমান উভয়ের, পূর্ববর্তী মাসে অর্থ পরিশোধ সংক্রান্ত স্থিতি। যেসব তথ্য জমা পড়ে, সেগুলি CIBIL আরও ত্রিশ দিনের মধ্যে নিজেদের সার্ভারে আপলোড করে।

5). কার্ড-ধারকের মৃত্যু হলে/তাঁর সামর্থ্য থমকে গেলে বকেয়া উদ্ধার: সঙ্গে-সঙ্গে সম্পূর্ণ অনাদায়ী ব্যালেন্স (যেসব লেনদেনের বিল তৈরি বাকি আছে, সেগুলিও) অ্যাক্সিস ব্যাঙ্কের কাছে বকেয়া ও প্রদেয় হয়ে যাবে। কার্ড-ধারকের সম্পত্তি থেকে মোট অনাদায়ী রাশি উদ্ধার করে নেওয়ার অধিকার থাকবে অ্যাক্সিস ব্যাঙ্কের। ব্যাঙ্কে কার্ড-ধারকের টাকা/আমানত/অ্যাকাউন্ট থাকলে সেগুলি থেকেও মোট অনাদায়ী রাশি উদ্ধার করে নেওয়ার অধিকার থাকবে ব্যাঙ্কের।

## ট) অস্বীকরণ

আরবিআইঅনুমোদিত ক্রেডিট ব্যুরোগুলির সঙ্গে অ্যাক্সিস ব্যাঙ্ক গাঁটছড়াবাঁধতে পারে এবং এবং ক্রেডিট সংক্রান্ত তথ্য যেমন, আপনার কারেন্ট ব্যালেন্স, অর্থ পরিশোধের ইতিহাস, আপনার বয়স-লিঙ্গ-বাসস্থান ইত্যাদি তথ্য সহ অন্যান্য নানা তথ্য ব্যুরোগুলিকে জানাবে। ক্রেডিট মঞ্জুর করা উচিত কি না সেই সম্পর্কে ক্রেডিট ব্যুরোগুলি কোনও মতামত, ইঙ্গিত দেবে না বা কোনও মন্তব্যও করবে না। সময় মতন প্রয়োজনীয় বকেয়া মিটিয়ে দিয়ে নিজের ক্রেডিট সংক্রান্ত ইতিবৃত্তকে নিজের স্বার্থেই ভাল রাখুন। ক্রেডিট ব্যুরোগুলি আছে বলেই দায়িত্বশীলগ্রাহকরা ক্রেডিট মঞ্জুরকারীদের থেকে উন্নততর শর্তাবলিতে অধিক দ্রুত ও অধিক প্রতিযোগিতা পূর্ণ পরিষেবা আশা করতে পারেন। গ্রাহকরা খেলাপ করলে সেই তথ্য ক্রেডিট ব্যুরোগুলির কাছে থাকবে। ভবিষ্যতে প্রয়োজনের সময় আপনার ক্রেডিট পাওয়ার যোগ্যতার উপর তার প্রভাব পড়বে। অ্যাক্সিস ব্যাঙ্ক গ্রাহক সংক্রান্ত তথ্য ক্রেডিট ব্যুরোগুলিকে মাসে-মাসে জানাবে বা ব্যাঙ্ক ও ক্রেডিট ব্যুরোগুলির সঙ্গে যে চুক্তি আছে সেই অনুযায়ী অন্য কোনও সময়ক্রমে জানাবে। বিলিং সংক্রান্ত কোনও সমস্যার কথা অ্যাক্সিস ব্যাঙ্ককে জানানো হলে, ক্রেডিট ব্যুরোগুলির কাছে প্রতিবেদন পাঠানোর বিষয়টিকে ব্যাঙ্ক মুলতবি রাখবে তত দিন পর্যন্ত, যত দিন না সেই সমস্যার নিষ্পত্তি হচ্ছে। কার্ড-ধারক এ কথা মেনে নিচ্ছেন যে, কার্ড-ধারক/অ্যাড-অন কার্ড-ধারক(গণ) সম্পর্কিত তথ্য, সেই সঙ্গে কার্ড-ধারক নিজের দায়বদ্ধতা পালনের ক্ষেত্রে কোনও খেলাপ করলে সেই তথ্যও অ্যাক্সিস ব্যাঙ্ক নিজের অধিকার অনুযায়ী সময়ে-সময়ে ব্যাঙ্ক নিজের নির্ধারিত যে-কোনও বর্তমান বা ভবিষ্যতের ক্রেডিট ব্যুরোকে জানাতে পারবে, যদি অ্যাক্সিস ব্যাঙ্ক তা জানানো উপযুক্ত ও প্রয়োজন বলে মনে করে। সেই অনুযায়ী অ্যাড-অন কার্ড-ধারক(গণ)-ও এই সম্মতি দিচ্ছেন যে, উক্ত ক্রেডিট ব্যুরোগুলির কাছে তথ্য প্রকাশ করা যাবে। উক্ত সংস্থাগুলিও নিজেদের কাছে থাকা প্রক্রিয়াকৃত তথ্য, ডেটা বা পণ্যগুলি অন্য ব্যাঙ্ক/আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য ক্রেডিট মঞ্জুরকারীদের দিতে পারবে। ক্রেডিট ব্যুরো বলতে বোঝানো হয়েছে সেই সব ক্রেডিট ব্যুরো, ক্রেডিট রেফারেন্স এজেন্সি, ক্রেডিট ইনফরমেশন কোম্পানি বা অন্যান্য যে-কোনও সংস্থার কথা যেগুলিআরবিআই-এর দ্বারা গঠিত ও অনুমোদিত এবং এগুলিকে এই উদ্দেশ্যেই গঠন করা ও অনুমোদন দেওয়া হয়েছে যে, যাতে তারা ঋণগ্রহীতাদের ক্রেডিট সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারে, জমিয়ে রাখতে পারে, এবং সেগুলি অন্যকে জানাতে পারে।

কার্ড-ধারক যদি না-চান যে, অ্যাক্সিস ব্যাঙ্ক/তাদের সহযোগী সংস্থা/সহায়ক সংস্থা/এজেন্টদের থেকে তাঁকে প্রত্যক্ষ বিপণন সংক্রান্ত ফোন বা টেলি-কলিং/টেলিসেল্স কল করা হোক, তাহলে তিনি এই পরিষেবা থেকে নিজেকে বাইরে রাখতে পারেন, এর জন্য তাঁর নাম 'ট্রাই' ওয়েবসাইটে প্রদত্ত বিবরণ অনুযায়ী 'প্রোভাইডারকাস্টোমারপ্রিফারেন্স রেজিস্টার'-এ নিবন্ধন করাতে হবে।

অ্যাক্সিস ব্যাঙ্ক অন্যান্য মার্চেন্ট/কর্পোরেটের সঙ্গে মিলে যৌথ ভাবে কো-ব্র্যান্ড ক্রেডিট কার্ডের সুবিধা প্রদান করে। এই ব্যবস্থার অধীনে ব্যাঙ্ক তার অংশীদার মার্চেন্ট/কর্পোরেটের সঙ্গে রাজস্ব/ফি ভাগাভাগি করে নিতে পারে। গ্রাহকরা স্পষ্ট ভাবেই এই সম্মতি দিচ্ছেন যে, নিজের নাম নথিভুক্তির জন্য, কার্ডের সব ফিচার পাওয়ার জন্য, বিপণনের জন্য, প্রচার কার্যের জন্য, অন্যান্য সুযোগ-সুবিধা লাভ করার জন্য তাঁরা যেসব তথ্য ব্যাঙ্ককে জানাবেন, ব্যাঙ্ক সেগুলি মাইল্সঅ্যান্ড মোর, বিস্তারা এয়ারলাইন্স, স্যামসাঙ, স্পাইসজেট-এর সঙ্গে ভাগাভাগি করতে পারবে এবং তাদের জানাতেও পারবে। এই সংস্থাগুলিই ব্যাঙ্কের সঙ্গে কো-ব্র্যান্ডপার্টনার হিসাবে কাজ করছে। এই নিয়ম কো-ব্র্যান্ড ক্রেডিট কার্ডগুলির ক্ষেত্রেও প্রযোজ্য। এই কার্ডগুলি হল, অ্যাক্সিস ব্যাঙ্ক মাইল্সঅ্যান্ড মোর ওয়ার্ল্ড সিলেক্টক্রেডিট কার্ড,অ্যাক্সিস ব্যাঙ্ক মাইল্সঅ্যান্ড মোর ওয়ার্ল্ডক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্কবিস্তারাইনফিনিটক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারাসিগনেচারক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক বিস্তারাপ্ল্যাটিনামক্রেডিট কার্ড, স্যামসাঙঅ্যাক্সিস ব্যাঙ্কইনফিনিটক্রেডিট কার্ড, স্যামসাঙঅ্যাক্সিস ব্যাঙ্কসিগনেচারক্রেডিট কার্ড, স্পাইসজেটঅ্যাক্সিস ব্যাঙ্ক ভয়েজ ব্ল্যাকক্রেডিট কার্ড ওস্পাইসজেটঅ্যাক্সিস ব্যাঙ্ক ভয়েজক্রেডিট কার্ড। কো-ব্র্যান্ডপার্টনাররা হল মাইল্সঅ্যান্ড মোর, বিস্তারা এয়ারলাইন্স, স্যামসাঙ, স্পাইসজেট।

অ্যাক্সিস ব্যাঙ্কের পক্ষ থেকে নানা বৈশিষ্ট্য ও সুযোগ-সুবিধা যুক্ত ক্রেডিট কার্ড পরিষেবা দেওয়া হয়। এগুলির ব্যবস্থা করার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক বিভিন্ন পরিষেবা প্রদানকারীকে নিযুক্ত করে চুক্তির ভিত্তিতে, যাতে তাদের মাধ্যমে কার্ড-ধারকদের উদ্দেশ্যে প্রোডাক্ট ফিচার/সুযোগ-সুবিধা/অন্যান্য মূল্য নিযুক্তি পরিষেবা প্রদান করা যায় কার্ড সুরক্ষা পরিকল্পনা, ক্রেডিট শিল্ড, স্বাস্থ্য পরিকল্পনা ইত্যাদির রূপে ভাউচার/ডিসকাউন্ট/ক্যাশ-ব্যাক/সদস্যতা/বিমা হিসাবে। কার্ড-ধারক স্পষ্ট ভাবে এই সম্মতি দিচ্ছেন এবং অ্যাক্সিস ব্যাঙ্ককে এই অধিকার দিচ্ছেন যে, এই ব্যাঙ্ক কার্ড-ধারকের ব্যক্তিগত ডেটা সেই সঙ্গে ব্যক্তিগত তথ্য ও সংবেদনশীল ব্যক্তিগত তথ্য

("ব্যক্তিগত ডেটা") অধিগত, সংগ্রহ, প্রক্রিয়া, রেকর্ড করতে পারবে এবং অ্যাক্সিস ব্যাঙ্কের অনুমোদিত পরিষেবা প্রদানকারীদের সঙ্গে সেগুলি ভাগাভাগি করতে পারবে এবং তাদের জানাতেও পারবে, যাতে গ্রাহক নিজের নাম অন্তর্ভুক্ত করাতে পারেন, কার্ডের সব ফিচার পেতে পারেন, সেই সঙ্গে বিপণন ও প্রচার কার্য চালানো যেতে পারে, এবং তাঁরা যাতে সুযোগ-সুবিধা লাভ করতে পারেন। কার্ড-ধারক এই বিষয়ে অবগত ও সম্মত যে, উক্ত সম্মতি সমস্ত প্রযোজ্য ক্রেডিট কার্ডের ক্ষেত্রে প্রযোজ্য হবে। সেই কার্ডগুলি হল, অ্যাক্সিস ব্যাঙ্ক নিও ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক মাই জোন ক্রেডিট কার্ড, ইন্ডিয়ান অয়েল অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক রিওয়ার্ডস ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক অ্যাটলাস ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক সিলেক্ট ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক প্রিভিলেজ ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক ইনফিনিট রিজার্ভ ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক ম্যাগনাস ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক প্রাইড ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক অ্যাডভান্টেজ ক্রেডিট কার্ড, অ্যাক্সিস ব্যাঙ্ক অওরা ক্রেডিট কার্ড।

কার্ড হারিয়ে যাওয়া, কার্ড নিয়ে প্রতারণা হওয়া ইত্যাদির ফলে যেসব দায়বদ্ধতা উদ্ভূত হয়, সেগুলি সামাল দেওয়ার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক বিমা কোম্পানিগুলির সঙ্গে গাঁটছড়া বেঁধে অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের সঙ্গে নানা বিমা সুবিধা প্রদান করে থাকে ("বিমা সুবিধার আওতা-ভুক্ত")। কার্ড-ধারক যদি অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের সঙ্গে উপলব্ধ উক্ত বিমা সুবিধাগুলি পেতে চান, তাহলে তাঁকে এই নিশ্চয়তা দিতে হবে যে, তিনি নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলি পড়েছেন, বুঝতে পেরেছেন এবং সেগুলিতে সম্মতও হয়েছেন। নিয়ম ও শর্তাবলি:

i. কার্ড-ধারক এতদ্বারা স্পষ্ট সম্মতি দিচ্ছেন যে, অ্যাক্সিস ব্যাঙ্ক তাঁর ব্যক্তিগত ডেটা অ্যাক্সিস ব্যাঙ্কের অনুমোদিত পরিষেবা প্রদানকারীরা ও/বা ব্যাঙ্কের অংশীদার বিমা কোম্পানিগুলির সঙ্গে ভাগাভাগি করে নিতে পারবে, যাতে কার্ড-ধারককে ফোন করে এবং তাঁর কাছে গিয়ে জানানো যেতে পারে যে, কার্ড-ধারকের অ্যাক্সিস ব্যাঙ্ক ক্রেডিট কার্ডে কোন আনুষঙ্গিক বিমা সুবিধা আছে এবং এই ধরনের বিমা সুবিধা ("উদ্দেশ্য") পাওয়ার তিনি যাতে পারেন, তার জন্য কার্ড-ধারকের ব্যক্তিগত ডেটার যাতে প্রক্রিয়াকরণ করা যেতে পারে।

ii. কার্ড-ধারকের গোপনীয়তা রক্ষা করার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক বদ্ধপরিকর এবং তাঁর যে-কোনও ব্যক্তিগত ডেটা শুধুমাত্র অ্যাক্সিস ব্যাঙ্কের অনুমোদিত পরিষেবা প্রদানকারী ও/বা ব্যাঙ্কের অংশীদার বিমা কোম্পানিগুলির সঙ্গেই ভাগাভাগি করা হবে প্রযোজ্য ডেটা সুরক্ষা আইন ও নীতি-নিয়ম মেনে। উদ্দেশ্য-র জন্য ব্যক্তিগত ডেটা ভাগাভাগি করার সময় ব্যক্তিগত ডেটাকে

রক্ষা করার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক ও তাদের অনুমোদিত পরিষেবা প্রদানকারীরা/তাদের অংশীদার বিমা কোম্পানিগুলি উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়িত করবে।

iii. অ্যাক্সিস ব্যাঙ্ক এই নিশ্চয়তা দিচ্ছে যে, উদ্দেশ্য-র জন্য যে ফোন ইত্যাদি করা হবে তা বারে-বারে করা হলেও তার একটি ন্যায্য মাত্রা থাকবে এবং প্রাসঙ্গিক নিয়ম-বিধি মেনেই তা করা হবে। অ্যাক্সিস ব্যাঙ্কের সর্বদা এই প্রয়াসই থাকে যে, কোনও অসুবিধা না-করেই কার্ড-ধারককে মূল্যবান তথ্য প্রদান করা।

iv. এই নিয়ম ও শর্তাবলিকে অদলবদল করার অধিকার অ্যাক্সিস ব্যাঙ্কের আছে। কোথাও কোনও বদল হলে উপযুক্ত মাধ্যম ব্যবহার করে সেই কথা কার্ড-ধারককে জানানো হবে।

এতদ্বাার কার্ড-ধারককে জানানো হচ্ছে যে, ক্রেডিট কার্ড অনুমোদনে যে-সময় লাগে, তাতে তারতম্য হয় বলে, ক্রেডিট কার্ড ডেলিভারির কাজ সম্পন্ন হতে সময় লাগবে আবেদনের তারিখ থেকে 14 দিন।

কার্ড-ধারক কবুল করছেন যে, ক্রেডিট কার্ডের আবেদনে তিনি যে-মোবাইল নম্বর দিয়েছেন, তা তাঁর নামেই নিবন্ধিত রয়েছে। পরে যদি দেখা যায় যে, ক্রেডিট কার্ডের জন্য আবেদন জানানোর সময় যে-মোবাইল নম্বর দেওয়া হয়েছিল, তা তাঁর নামে নিবন্ধিত নয়, তাহলে মোবাইল নম্বরের মাধ্যমে বা ক্রেডিট কার্ড দিয়ে কোনও কাজ/লেনদেন করা হলে তার দায় ও দায়িত্ব বর্তাবে কার্ড ধারকের উপর।

অ্যাক্সিস ব্যাঙ্ক হল ব্যাঙ্কিং কোডস অ্যান্ড স্ট্যান্ডার্ডস বোর্ড অব ইন্ডিয়া (বিসিএসবিআই)-এর সদস্য। বিসিএসবিআই-র অধীনে আমাদের কী-কী দায়বদ্ধতা আছে তা জানার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটের হোমপেজ দেখুন।

## ঢ) সালিশ সংক্রান্ত দফা

এখানে উপস্থাপিত কোনও কিছুর থেকে উদ্ভূত সমস্ত বিবাদ, পার্থক্য ও/বা দাবি বা প্রশ্ন, বা সেগুলির সঙ্গে কোনও ভাবে যুক্ত বা সম্পর্কিত বা তার গঠন, অর্থ বা প্রভাবের কথা বা সেখানে উল্লিখিত পক্ষদের অধিকার, বাধ্যবাধকতা ও দায়বদ্ধতাগুলি জানাতে হবে এবং সেগুলির নিষ্পত্তি করতে হবে একজন একক সালিশকারীর সালিশির দ্বারা। এই সালিশ বসতে হবে সালিশ ও সমঝোতা আইন, 1996-এর প্রবিধান অনুযায়ী এবং

এই আইনের কোনও বিধিসম্মত সংশোধন হয়ে থাকলে, সেই সংশোধিত নিয়ম অনুযায়ী। একক সালিশকারীকে মনোনীত করবে ঋণ-প্রদানকারী/ব্যাঙ্ক। যাঁকে সালিশকারী হিসাবে নিযুক্ত করা হবে, তাঁর মৃত্যু হলে, বা তিনি যদি সালিশি করতে অনিচ্ছুক হন, বা তা করতে অস্বীকার করেন, বা তা অবহেলা করেন, বা তিনি যদি তা করতে অসমর্থ বা অক্ষম হন, তাহলে ঋণ-প্রদানকারী/ব্যাঙ্ক নতুন সালিশকারীকে একক সালিশকারী হিসাবে নিযুক্ত করতে পারে।
সালিশকারী যে-রায় দেবেন, তা তিনি কেন দিয়েছেন, তার কোনও কারণ ব্যাখ্যা করবেন না তিনি। এর কোনও প্রয়োজন নেই। সালিশকারী যে রায় দেবেন, সেটিই চূড়ান্ত এবং সংশ্লিষ্ট সমস্ত পক্ষকে তা মানতে হবে। সালিশ প্রক্রিয়া চলবে শুধুমাত্র মুম্বইতে।

**ঢ) নিষেধাজ্ঞা সংক্রান্ত দফা**

লটারি টিকিট, নিষিদ্ধ বা নিষেধাজ্ঞার অধীনে থাকা পত্র-পত্রিকার মতন অবৈধ জিনিসপত্র কেনার জন্য, জুয়া ইত্যাদিতে অংশগ্রহণের জন্য, এবং বিদেশি মুদ্রা বিনিময় করার অনুমতি নেই এমন কল-ব্যাক সার্ভিস, ও/বা এমন জিনিসপত্র/ক্রিয়াকলাপের জন্য পেমেন্ট করার উদ্দেশ্যে আন্তর্জাতিক ক্রেডিট কার্ডকে ইন্টারনেটে বা অন্যথা ব্যবহার করা যাবে না।

**ণ) ফেমা (ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট)**

i) ভারতের বাইরে এই কার্ড ব্যবহার করতে হলে প্রযোজ্য আইন মেনে চলতে হবে। যেমন আরবিআই-এর এক্সচেঞ্জ কনট্রোল রেগুলেশনস ও ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, 1999 ইত্যাদি। যদি এসব মেনে না-চলেন, তাহলে আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

ii) ইলেকট্রনিক/ইন্টারনেট ট্রেডিং পোর্টালের মাধ্যমে ওভারসিজ ফরেক্স ট্রেডিং-কে প্রত্যক্ষ/পরোক্ষ ভাবে পেমেন্ট দেওয়ার জন্য ক্রেডিট কার্ড ব্যবহার করা যাবে না। নিয়ামক নির্দেশিকা অনুযায়ী এ কাজ করা নিষিদ্ধ। বিশদ জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন।

iii) এই কার্ড ভারতে এমনকি বিদেশেও ব্যবহার করা যাবে। তবে, নেপাল ও ভুটানে বিদেশি মুদ্রা ভিত্তিক লেনদেনের জন্য এই কার্ড ব্যবহার করা যাবে না।

iv) শুধুমাত্র এনআরআই গ্রাহকদের জন্য যে অ্যাক্সিস ব্যাঙ্ক এনআরই অ্যাকাউন্ট আছে তার অটো-পে পদ্ধতির মাধ্যমে 100% পেমেন্ট করে দেওয়া বাধ্যতামূলক।

v) এনআরআই গ্রাহকদের থেকে নগদ পেমেন্ট নেওয়া হবে না।

**ত) কার্ড অ্যাকাউন্টে অনুমোদনহীন ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেন**

1) যে-গ্রাহকরা ব্যাঙ্ককে বৈধ মোবাইল নম্বর দেননি, তাঁরা শুধু এটিএম থেকেই নগদ তুলতে পারবেন। ব্যাঙ্ক তাঁদের ইলেকট্রনিক লেনদেনের সুবিধা প্রদান করবে না।

2) লেনদেনে কোনও বিচ্যুতি থাকলে অথবা গ্রাহককে যে স্টেটমেন্ট/রেকর্ড দেওয়া হয়, তার মধ্যে উল্লিখিত ব্যালেন্স সংক্রান্ত বিবরণে কোনও বিচ্যুতি থাকলে, সেই সব কথা গ্রাহক যেন ব্যাঙ্ককে সাত (7) দিনের মধ্যে লিখিত ভাবে জানিয়ে দেন।

3) ব্যাঙ্কের কাছে যদি সাত (7)টি কর্ম-দিবস পর কোনও বিরুদ্ধ তথ্য আসে, তাহলে ব্যাঙ্কের বোর্ড অনুমোদিত নীতি অনুযায়ী গ্রাহকের দায়বদ্ধতা নির্ধারণ করা হবে। সেই নীতি ব্যাঙ্কের ওয়েবসাইটে উল্লেখ করা আছে।

4) আপনার নামে আপনার নির্দেশাবলি ও অনুরূপ অন্যান্য বিবরণের (যা পেমেন্ট করা হয়েছে বা পাওয়া গেছে ইত্যাদি সহ আরও অনেক কিছু) সমস্ত রেকর্ড ব্যাঙ্ক যে ইলেকট্রনিক বা নথিপত্রের আকারে বজায় রেখে চলে, সেই কাজ এখানে উল্লিখিত নিয়ম ও শর্তাবলি অনুযায়ী করা হয়ে থাকে, এবং ওই রেকর্ডগুলিকে ওই নির্দেশাবলি ও অনুরূপ অন্যান্য বিবরণের চূড়ান্ত সাক্ষ্য হিসাবে গণ্য করা হয়।

5) তৃতীয় পক্ষের প্রতারণার দরুন বা আপনি নিজে প্রতারণায় মদত না-দেওয়া সত্ত্বেও আপনার কার্ড অ্যাকাউন্টে অনুমোদনহীন লেনদেন হলে তার খবর দেওয়ার সময় ও/বা সেই অ্যাকাউন্টে লেনদেন হওয়া বা উক্ত অ্যাকাউন্ট সম্পর্কিত অন্যান্য যে-কোনও বিষয়ে কোনও বিবাদ দেখা দিলে ব্যাঙ্ক নিজে সেই সময় ও/বা বিতর্কিত লেনদেনের প্রামাণিকতা এবং আপনার দায়বদ্ধতা নিশ্চিত করবে। সেই অধিকার ব্যাঙ্কের আছে। তা করা হবে “গ্রাহক সুরক্ষা-অনুমোদনহীন ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেন সম্পর্কে গ্রাহকদের সীমিত দায়বদ্ধতা” সংক্রান্ত আরবিআই-এর সার্কুলারে প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী। এই নিয়ামকগুলি নানা সময়ে সংশোধিত হতে থাকে। তাই যখন যে-সময়

পরিবর্তিত নিয়ামকগুলি বহাল থাকবে, সেগুলি প্রযোজ্য হবে এবং সেগুলি ওই সময় মানতে হবে।

6) গ্রাহক পরিষেবা সঙ্গে/গ্রাহকের অভাব-অভিযোগ জানাতে কোথায় যোগাযোগ করতে হবে, সেই তথ্য পাওয়ার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন: **www.axisbank.com/support**

**থ) সুরক্ষিত ক্রেডিট কার্ড**

1) ব্যাঙ্কের কাছে গ্রাহকের যত টাকা বকেয়া থাকবে, সেই সমস্ত টাকার চূড়ান্ত ব্যালেন্সের জন্য ফিক্সড ডিপোজিটই সিকিউরিটি হিসাবে অব্যাহত থাকবে সুরক্ষিত ক্রেডিট কার্ড বা ব্যাঙ্কের দ্বারা অনুমোদিত অন্যান্য যে-কোনও সুবিধার অধীনে।

2) খেলাপ হলে বা চাওয়া সত্ত্বেও ক্রেডিট সুবিধা বা সুবিধার অর্থ পরিশোধ করা না-হলে, ব্যাঙ্ক ফিক্সড/টার্ম ডিপোজিটের মেয়াদ শেষ হওয়ার আগেই ভাঙিয়ে নিতে পারে অথবা এতদ্বারা প্রদত্ত বা যে-কোনও সময়ে হাতে থাকা সিকিউরিটি/ফিক্সড বা টার্ম ডিপোজিটগুলিকে সেট-অফ বা আপলিফ্ট করতে পারে অথবা তা ট্রান্সফার/অ্যাসাইন বা রি-অ্যাসাইন করতে পারে। যদি ব্যাঙ্ক মনে করে যে এসব করাই যুক্তিসঙ্গত এবং ব্যাঙ্ক এসব কাজ করার জন্য প্রয়োজনীয় সমস্ত পদক্ষেপ করতে পারে। সেই সঙ্গে, ব্যাঙ্কের কোনও শাখায় গ্রাহকের এক বা একাধিক অ্যাকাউন্ট থাকলে সেগুলির মাধ্যমে গ্রাহককে দিয়ে নেট অ্যামাউন্টকে যথাযথ করিয়ে নিতে পারবে ব্যাঙ্ক।

3) গ্রাহকের যোগ্যতার ভিত্তিতে ব্যাঙ্ক নিজের একক বিবেচনায় সুরক্ষিত ক্রেডিট কার্ডের সঙ্গে লিঙ্ক হয়ে থাকা ফিক্সড ডিপোজিট থেকে পূর্বস্বত্ব অপসারণ করতে পারে। সেই অধিকার ব্যাঙ্কের আছে।

**থ) স্পেশ্যাল মেনশন অ্যাকাউন্ট (এসএমএ) ও নন-পারফরমিং অ্যাসেট (এনপিএ) হিসাবে শ্রেণিবিভাগ**

খেলাপ হওয়ার সঙ্গে-সঙ্গে নিয়ামক নির্দেশিকায় উল্লিখিত প্রবিধান মেনে ঋণ-প্রদানকারীদের পক্ষ থেকে ঋণগ্রহীতার অ্যাকাউন্টে প্রাথমিক চাপ শনাক্ত করতে হবে সে অ্যাকাউন্টগুলিকে স্পেশ্যাল মেনশন অ্যাকাউন্টস (এসএমএ)-এর শ্রেণিভুক্ত করে। ঋণগ্রহীতার অ্যাকাউন্টকে এসএমএ সেই সঙ্গে এনপিএ

হিসাবে শ্রেণিভুক্ত করতে হবে ডে-এন্ড প্রক্রিয়ার অংশ হিসাবে প্রাসঙ্গিক তারিখের জন্য এবং এসএমএ বা এনপিএ শ্রেণিবিভাগের তারিখকে ক্যালেন্ডার তারিখ হতে হবে যে-তারিখের জন্য ডে-এন্ড প্রক্রিয়া চলছে। সেই অনুযায়ী, এসএমএ/এনপিএ-র তারিখে অ্যাকাউন্টের সম্পত্তি শ্রেণিভুক্তি স্থিতি প্রতিফলিত হবে সেই ক্যালেন্ডার তারিখের ডে-এন্ডে। এই ধরনের শ্রেণিবিভাগের দৃষ্টান্ত নীচে উল্লেখ করা হল:

- **এসএমএ 0** - লোন অ্যাকাউন্টের অর্থ পরিশোধের শেষ তারিখ যদি 31 মার্চ, 2021 হয়, এবং এই তারিখে যদি পুরো বকেয়া পরিশোধ না-হয়, তাহলে 31 মার্চ, 2021-এর ডে-এন্ডে সেই অ্যাকাউন্ট এসএমএ 0 হয়ে যাবে।
- **এসএমএ 1** - এই অ্যাকাউন্ট ওভারডিউ হয়ে থাকলে 30 দিন সম্পূর্ণ হওয়ার পর মানে 30 এপ্রিল, 2021 তারিখ পর্যন্ত সেই অ্যাকাউন্ট অনবরত ওভারডিউ হয়ে থাকার জন্য এসএমএ 1 বলে চিহ্নিত হবে।
- **এসএমএ 2** - এই অ্যাকাউন্ট তার পরেও ওভারডিউ হয়ে থাকলে সেটিকে 30 মে, 2021 তারিখে এসএমএ 2 বলে চিহ্নিত করা হবে।
- **এনপিএ** – এই অ্যাকাউন্ট এর পরেও ওভারডিউ হয়ে থাকলে, এটিকে 29 জুন, 2021 তারিখে এনপিএ হিসাবে শ্রেণিভুক্ত করা হবে।

আরবিআই-এর নির্দেশিকা অনুযায়ী, অ্যাকাউন্টকে এনপিএ হিসাবে শ্রেণিভুক্ত করা হয় ঋণগ্রহীতার ভিত্তিতে, কোনও সুবিধার ভিত্তিতে নয়। তাই মনে রাখতে হবে যে, গ্রাহক যদি ব্যাঙ্ক থেকে কোনও সুবিধা গ্রহণ করার পর বকেয়া পরিশোধ না-করেন, তাহলে তার পরিণাম হিসাবে তাঁর অ্যাকাউন্টকে এনপিএ হিসাবে শ্রেণিভুক্ত করা হয়। ব্যাঙ্কে ওই ঋণগ্রহীতা/কার্ড-ধারকের যত লোন/ক্রেডিট কার্ড ও অ্যাকাউন্ট আছে, সেই সবগুলিকেও এনপিএ হিসাবে শ্রেণিভুক্ত করা হবে এবং ব্যাঙ্কের এই অধিকার আছে যে তারা ওই সব লোন/ক্রেডিট কার্ড/সুবিধাগুলিকে, যেগুলি ব্যাঙ্ক থেকে নেওয়া হয়েছে,

প্রত্যাহার করে নেবে। তা সে ওই অ্যাকাউন্টগুলিতে নিয়মিত পেমেন্ট হোক বা না-হোক।

**দ) আঞ্চলিক ভাষায় সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলি**

আঞ্চলিক ভাষায় সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলি সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে www.axisbank.com দেখুন। এগুলি পাওয়া যাবে এসব ভাষায়- 1) মারাঠি 2) হিন্দি 3) বাংলা 4) গুজরাতি 5) মালায়লাম 6) তামিল 7) তেলুগু 8) কন্নড়

কার্ড-ধারক এতদ্বারা সম্মত হচ্ছেন এবং কবুল করছেন যে, www.axisbank.com-এ আঞ্চলিক ভাষাগুলিতে যে সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলি রয়েছে সেগুলি সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলির ইংরাজি সংস্করণের প্রতিনিধিত্বমূলক পাঠ।

কার্ড-ধারক সম্মত হচ্ছেন এবং কবুল করছেন যে, ইংরাজি ও আঞ্চলিক ভাষাগুলিতে সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলি উল্লেখ করা হলেও ইংরাজি সংস্করণ ও আঞ্চলিক ভাষাগুলির সংস্করণের মধ্যে কোনও অসঙ্গতি/বিচ্যুতি থাকলে, ইংরাজি সংস্করণটিকেই ঠিক বলে গণ্য করা হবে এবং কার্ড-ধারককেও তা মেনে চলতে হবে।

আঞ্চলিক ভাষাগুলিতে উপলব্ধ এমআইটিসি-র লিঙ্কগুলি:

Marathi - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-marathi.pdf

Hindi - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-hindi.pdf

Bengali - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-bengali.pdf

Gujarati - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-gujarati.pdf

Malayalam - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-malayalam.pdf

Tamil - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-tamil.pdf

Telugu - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-telugu.pdf

Kannada - https://axisbank.com/docs/default-source/default-document-library/credit-cards/mitc/most-important-terms-and-conditions-for-axis-bank-credit-cards-kannada.pdf

**অস্বীকরণ:**

কোনও অনুরোধ প্রাপ্তিতে এবং সেই অনুরোধ অনুযায়ী প্রক্রিয়া মেনে কাজ শুরু করতে এবং তার প্রতিক্রিয়া প্রণালী গঠন করতে বা প্রতিক্রিয়া জানাতে কোনও বিলম্ব, বিঘ্ন, স্থগন, নিষ্পত্তি ও ত্রুটি থেকে উদ্ভূত বা সেগুলির সঙ্গে সম্পর্কিত কারণে অথবা ব্যবহারকারীর টেলি-যোগাযোগ সরঞ্জামে এবং কোনও পরিষেবা প্রদানকারীর নেটওয়ার্কে এবং ব্যাঙ্কের সিস্টমে কোনও তথ্য বা বার্তা প্রেরণে বা সেগুলি থেকে তথ্য বা বার্তা প্রাপ্তিতে কোনও বিফলতা, বিলম্ব, বিঘ্ন, স্থগন, সীমাবদ্ধতা বা ত্রুটি থেকে উদ্ভূত বা সেগুলির সঙ্গে সম্পর্কিত কারণে অথবা ব্যবহারকারীর টেলি-যোগাযোগ সরঞ্জাম, ব্যাঙ্কের সিস্টেম বা কোনও পরিষেবা প্রদানকারী ও/বা সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্রদান করে যে তৃতীয় পক্ষ, তাদের নেটওয়ার্ক ব্রেকডাউন, ব্যাহত, স্থগিত বা বিফল হওয়ার ফলে উদ্ভূত বা সেগুলির সম্পর্কিত কারণে, এগুলির মধ্যে যে-কারণেই হোক না-কেন, যদি কোনও ব্যবহারকারী বা কোনও ব্যক্তির প্রত্যক্ষ, পরোক্ষ বা পরিণতি-স্বরূপ কোনও ক্ষতি, বা লোকসান হয়, তার জন্য এবং সেই সম্পর্কে ব্যাঙ্ক, তাদের কর্মী, এজেন্ট বা ঠিকাদাররা দায়ী থাকবেন না। উল্লেখ্য, এখানে ক্ষতি বা লোকসান বলতে এগুলিকে বোঝানো হয়েছে: রাজস্বের ক্ষতি, লাভ না-হওয়া, ব্যবসার ক্ষতি, চুক্তির ক্ষতি, প্রত্যাশিত সঞ্চয় বা ব্যবসায়িক সুনামের ক্ষতি; কোনও সরঞ্জাম যেমন সফ্টওয়্যার ইত্যাদির ব্যবহারযোগ্যতা বা মূল্য নষ্ট হয়ে যাওয়া, এমন ক্ষতি অনুমেয় হতে পারে আবার না-ও হতে পারে। এসব ছাড়াও অন্যান্য আরও ক্ষতি ও লোকসানকেও এখানে ধরা হবে। অ্যাক্সিস ব্যাঙ্ক নিজের একক

বিবেচনায় তাদের পণ্যগুলির নিরিখে আবশ্যিক বা প্রয়োজনীয় শর্তাবলিতে বাইরের পরিষেবা প্রদানকারীর বা পরিষেবা প্রদানকারীদের অথবা এজেন্টের বা এজেন্টদের পরিষেবা ব্যবহার করতে পারে।

• আবেদন ফর্মের স্থিতির কথা অ্যাক্সিস ব্যাঙ্ক জানাবে 21 দিনের মধ্যে।
• কোনও সুবিধা, উপহার, ভাউচার দেওয়ার জন্য, রিওয়ার্ড পয়েন্ট রিডিম করিয়ে দেওয়ার জন্য, কার্ড সক্রিয় বা বাতিল করে দেওয়ার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক কখনও কার্ডের সিভিভি, পিন, ওটিপি বা ইন্টারনেট পাসওয়ার্ড চাইবে না। অ্যাক্সিস ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করার প্রয়োজন হলে তাদের নিজস্ব ওয়েবসাইটে গিয়ে তাদের সঙ্গে যোগাযোগ করার নম্বর নিয়ে নেবেন।
• অনলাইনে/ই-কমার্সে কোনও লেনদেন করার আগে অনুগ্রহ করে সেই ওয়েবসাইট ও/বা পোর্টালের বৈধতা যাচাই করে নেবেন। ভুয়ো ওয়েবসাইট থেকে সাবধান। এগুলির থেকে আপনি আর্থিক ভাবে প্রতারিত হতে পারেন।
• ব্যাঙ্কের পক্ষ থেকে যে-কার্ড যাচাই করা হয়, তা গ্রাহকের ব্যক্তিগত ব্যবহারের জন্য। কোনও তৃতীয় পক্ষের হয়ে বা তাদের সুবিধার জন্য কোনও লেনদেন করা হোক, ব্যাঙ্ক সেটিকে উৎসাহিত করে না বা তা সমর্থনও করে না।
• আন্তর্জাতিক লেনদেনের ক্ষেত্রে মার্চেন্ট যখন অর্থ ফেরত দেবে/কোনও বিবাদ দেখা দেবে, তখন মুদ্রার দর ওঠা-নামার দরুন দরে যে-পার্থক্য থাকবে, তা মেটানোর দায় নিতে হবে গ্রাহককে।

## যোগাযোগের প্রণালীসমূহ

### গ্রাহক পরিষেবা

ভারতে যে-কোনও ল্যান্ডলাইন বা সেল ফোন থেকে 1860 500 5555 বা 1860 419 5555 নম্বরে ফোন করা যায়

এস ক্রেডিট কার্ডের জন্য: 1860 419 1919
বারগান্ডি প্রাইভেট কার্ডের জন্য: 1800 210 8888
প্রিমিয়াম কার্ড: বিস্তারা ইনফিনিট, রিজার্ভ, সিলেক্ট, অ্যাটলাস, মাইল্‌স অ্যান্ড মোর ওয়ার্ল্ড সিলেক্ট ও ইনফিনিট। এগুলির জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন এখানে: 1800 419 0065

ভারতের বাইরে থেকে ফোন করা যাবে +91 - 22-27648000 নম্বরে

ই-মেল আইডি: axisbank.com/support
এস ক্রেডিট কার্ডের জন্য ই-মেল আইডি: service.acecard@axisbank.com

এলআইসি কার্ডের জন্য: 1800 419 0064
ই-মেল আইডি: axisbank.com/support

### অভাব-অভিযোগ প্রতিকার/উচ্চ পর্যায়ের কাছে অভাব-অভিযোগ পেশ

প্রতি,

মি. অশোক সুনার, নোডাল অফিসার

অ্যাক্সিস ব্যাঙ্ক লি. এনপিসি1, ফিফথ ফ্লোর, "Gigaplex", প্লট নং. আই.টি.5, এমআইডিসি, আইরোলি নলেজ পার্ক, আইরোলি, নবি মুম্বই- 400 708 ই-মেল আইডি: nodal.officer@axisbank.com, ফোন- 91-080-61865200, সময়: সকাল 9:30 থেকে সন্ধ্যা 5:30 পর্যন্ত (সোমবার থেকে শুক্রবার)

সকাল 9:30 থেকে বেলা 2:00 পর্যন্ত (শনিবার) ব্যাঙ্ক ছুটি থাকার দিন বাদে

কোনও অভাব-অভিযোগের ক্ষেত্রে কোনও ক্ষতিপূরণ প্রযোজ্য হলে তা ব্যাঙ্কের ক্ষতিপূরণ নীতি অনুযায়ী দেওয়া হবে। সেই নীতি দেখে নেওয়া যাবে

এখানে: https://www.axisbank.com/docs/default-source/default-document-library/Customer-Compensation-Policy.pdf